(e) গত তিন বছরের মধ্যে আবেদনকারীর প্রিন্সিপাল অফিসার, ডিরেক্টর বা অন্য কোনো কর্মচারী এই বিধির তফশিল III-এর নির্ধারিত আচরণ বিধি লঙ্ঘন করেছেন কিনা;

(f) বীমা ছাড়া অন্য কিছু যদি আবেদনকারীর মূল ব্যবসা হয় সেক্ষেত্রে আবেদনকারী কি কর্পোরেট এজেন্ট হিসেবে তার কার্যকলাপ ও অন্যান্য কার্যকলাপের মধ্যে আর্মস-লেংথ সম্পর্ক বজায় রাখেন কিনা।

(g) এই বিধির পরিশিষ্ট I-এ বর্ণনার ভিত্তিতে প্রিন্সিপাল অফিসার/ডিরেক্টর/শরিক/নির্দিষ্ট কোনো ব্যক্তি ''উপযুক্ত ও যথোচিত'' কিনা; এবং

(h) রেজিস্ট্রেশন মঞ্জুরি পলিসিহোল্ডারদের স্বার্থবাহী হবে এটাই কর্তৃপক্ষের মত হতে হবে।

(3) আবেনকারীর নির্দিষ্ট ব্যক্তি নিম্নলিখিত চাহিদাগুলি পূরণ করবেন:-

a. একটা স্বীকৃত পর্ষদ/প্রতিষ্ঠান থেকে ন্যূনতম 12 ক্লাস বা সমতুল কোনো পরীক্ষায় উত্তীর্ণ হবে:

b. (i) নির্দিষ্ট ব্যক্তির যার জন্য রেজিস্ট্রেশন চাওয়া হয়েছে সেই জীবনবীমা, সাধারণ বীমা, স্বাস্থ্য বীমার নির্দিষ্ট ক্যাটাগরির জন্য কোনো অনুমোদিত প্রতিষ্ঠান থেকে অন্তত পঞ্চাশ ঘন্টার প্রশিক্ষণ থাকা উচিত এবং পরীক্ষা সংস্থা দ্বারা পরিচালিত কোনো পরীক্ষায় পাস করা উচিত;

(ii) কর্পোরেট এজেন্ট (কম্পোজিট)-এর নির্দিষ্ট ব্যক্তির কোনো অনুমোদিত প্রতিষ্ঠান থেকে পঁচাত্তর ঘন্টার প্রশিক্ষণ থাকা উচিত এবং পরীক্ষা সংস্থা দ্বার পরিচালিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া উচিত;

c. বীমা ব্যবসার প্রচার ও সংগ্রহের জন্য কর্পোরেট এজেন্ট দ্বার নিযুক্ত নির্দিষ্ট ব্যক্তির এই বিধির অধীনে নির্ধারিত কর্তৃপক্ষ দ্বারা ইস্যু করা বৈধ সার্টিফিকেট থাকতে হবে। কর্পোরেট এজেন্টের বৈধ রেজিস্ট্রেশনের সাপেক্ষে ইস্যুর তারিখ থেকে তিন বছর মেয়াদ পর্যন্ত সার্টিফিকেটটি বৈধ থাকবে;

কর্পোরেট এজেন্টের প্রিন্সিপাল অফিসারের মাধ্যমে সেই নির্দিষ্ট ব্যক্তি সার্টিফিকেট ইস্যু সংক্রান্ত এই বিধির পরিশিষ্ট 3-এ নির্ধারিত ফরম্যাটে কর্তৃপক্ষের কাছে আবেদন জানাবেন।

d. একটি কর্পোরেট এজেন্টের কোনো নির্দিষ্ট ব্যক্তি অন্য কোনো কর্পোরেট এজেন্টের কাছে চলে যেতে আগ্রহী হলে কর্তৃপক্ষের কাছে নতুন কর্পোরেট এজেন্টের মাধ্যমে আবেদন করতে পারবেন এবং সেই আবেদন পত্রের সঙ্গে বর্তমান কর্পোরেট এজেন্টের ইস্যু করা নো অবজেকশন সার্টিফিকেট জুড়ে দিতে হবে। 30দিনের মধ্যে বর্তমান কর্পোরেট এজেন্ট যদি নো অবজেকশন সার্টিফিকেট ইস্যু না করেন সেক্ষেত্রে তাঁর সুইচ ওভার নিয়ে সেই কর্পোরেট এজেন্টের কোনো আপত্তি নেই বলে ধরে নেওয়া হবে। কর্পোরেট এজেন্টের আর্জি পাওয়ার পর কর্তৃপক্ষ কর্পোরেট এজেন্টের নাম বদলে একটা সংশোধিত সার্টিফিকেট ইস্যু করবে যাতে সুইচ ওভারের বিষয়টি চিহ্নিত হবে।

e. যোগ্যতাসম্পন্ন এবং ইনসিওরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (লাইসেন্সিং অব কর্পোরেট এজেন্টস) রেগুলেশন, 2002-এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত কর্পোরেট এজেন্টের সঙ্গে ইতিমধ্যেই কাজ করেছেন এমন কোনো নির্দিষ্ট ব্যক্তি এবং/অথবা চিফ ইনসিওরেন্স এক্সিকিউটিভ এই বিধির আওতায় রেজিস্ট্রিকৃত কর্পোরেট এজেন্টদের সাথে কাজ চালিয়ে যেতে পারেন। যদিও রেজিস্ট্রেশন মঞ্জুরির আবেদন করার সময় অথবা তাদের রেজিস্ট্রেশনের তারিখ থেকে ছয় মাসের মধ্যে নির্ধারিত উপায়ে কর্তৃপক্ষের কাছে সেই নির্ধারিত ব্যক্তি এবং/অথবা চিফ ইনসিওরেন্স এক্সিকিউটিভের বিবরণ জমা দিতে হবে। সেই বিবরণ পাওয়ার পর কর্তৃপক্ষ সেই নির্ধারিত ব্যক্তি এবং/অথবা চিফ ইনসিওরেন্স এক্সিকিউটিভকে উপরের উপ-বিধি(c)-তে নির্ধারিত অনুযায়ী একটা সার্টিফিকেট ইস্যু করবে।

4. **রেজিস্ট্রেশনের রিনিউয়াল –** (1) রেজিস্ট্রেশন বাতিল হওয়ার আগে তিরিশ দিনের মধ্যে একজন কর্পোরেট এজেন্ট রেজিস্ট্রেশন রিনিউয়ালের জন্য কর্তৃপক্ষের কাছে প্রয়োজনীয় ফি সহ ফর্ম এ-তে আবেদন করতে পারেন।

তবে বর্তমান রেজিস্ট্রেশন আসলে বাতিল হওয়ার আগে কিন্তু ওই নির্ধারিত পর্বের পর কর্তৃপক্ষের কাছে রিনিউয়ালের আবেদন পৌঁছায়, কর্তৃপক্ষকে তাহলে প্রযোজ্য কর সহ এক হাজার টাকা অতিরিক্ত ফি হিসেবে দিতে হবে।

এছাড়াও পূর্ববর্তী অনুবিধিতে উল্লেখিত নেই এমন বিলম্বের জন্য আবেদনকারীর লিখিত আবেদনটি রেজিস্ট্রেশন বাতিল হয়ে যাওয়ার পরও কর্তৃপক্ষ গ্রহণ করতে পারে আবেদনকারীর তরফে প্রযোজ্য কর সহ অতিরিক্ত সাড়ে সাতশো টাকার ফি দিয়ে।

নোট: রেজিস্ট্রেশনের মেয়াদ শেষ হওয়ার নব্বই দিন আগে রেজিস্ট্রেশন রিনিউয়ালের জন্য একজন কর্পোরেট এজেন্ট আবেদন জমা দিতে পারেন।

(2) রেজিস্ট্রেশনের রিনিউয়াল চাওয়ার আগে প্রিন্সিপাল অফিসার ও নির্দিষ্ট ব্যক্তিকে একটি অনুমোদিত প্রতিষ্ঠান থেকে অন্তত পঁচিশ ঘন্টার স্থানীয় ও প্র্যাক্টিকাল প্রশিক্ষণ সম্পূর্ণ করতে হবে।

(3) উপধারা (1)-এর অধীনে রিনিউয়ালের একটি আবেদন বিধি 7-এর অধীনে নির্ধারিত উপায়েই বিবেচনা করা হবে।

(4) রেজিস্ট্রেশন রিনিউয়ালের জন্য আবেদনকারী নির্ধারিত যাবতীয় শর্ত পূরণ করেছে এই বিষয় সন্তুষ্ট হওয়ার পরই কর্তৃপক্ষ ফর্ম সি-তে তিন বছর মেয়াদের জন্য রেজিস্ট্রেশন রিনিউ করবে এবং আবেদনকারীকে তা জানিয়ে দেবে।

5. পদ্ধতি যেখানে রেজিস্ট্রেশন মঞ্জুর হয় না -

(1) যেখানে বিধি 4-এর অধীনে রেজিস্ট্রেশন মঞ্জুরির জন্য আবেদন বা বিধি 11-র অধীনে তার রিনিউয়ালের জন্য আবেদনটি বিধি 7-এ নির্ধারিত শর্ত পূরণ করে না, সেখানে কর্তৃপক্ষ রেজিস্ট্রেশন মঞ্জুর বা রেজিস্ট্রেশন সার্টিফিকেটের রিনিউয়াল করতে অস্বীকার করতে পারেন।

তবে আবেদনকারীর কাছ থেকে তাঁর ব্যাখ্যা শোনার জন্য উপযুক্ত সময় না দিয়ে নো আবেদনই প্রত্যাখ্যাত হবে না।

(2) রেজিস্ট্রেশন মঞ্জুর বা রিনিউয়াল প্রত্যাখ্যানের বিষয়টি কর্তৃপক্ষ এই ধরনের প্রত্যাখ্যানের তিরিশ দিনের মধ্যে আবেদনকারীকে সেই সিদ্ধান্ত কারণসহ জানিয়ে দেবে যে কোন কারণে আবেদন প্রত্যাখ্যান করা হয়েছে।

(3) কর্তৃপক্ষের সিদ্ধান্ত নিয়ে ক্ষুব্ধ কোনো আবেদনকারী সিকিউরিটিস আপিল ট্রাইব্যুনালের কাছে আপিল করতে পারেন, এই ধরনের আপিল করার নির্ধারিত পদ্ধতি অনুযায়ী, সেই তারিখ থেকে পঁয়তাল্লিশ দিনের মধ্যে যে তারিখে উপরের উপ-ধারা (2)-এর অধীনে কর্তৃপক্ষের সিদ্ধান্ত প্রতিলিপি তিনি পেয়েছেন।

6. **রেজিস্ট্রেশন মঞ্জুর প্রত্যাখ্যানের প্রভাব-** বিধি 4-এর অধীনে রেজিস্ট্রেশন মঞ্জুরের আবেদন অথবা বিধি 11-এর অধীনে করা রিনিউয়ালের আবেদন কর্তৃপক্ষ দ্বারা প্রত্যাখ্যাত হয়েছে এমন একজন আবেদনকারী বিধি 12(2)-এর অধীনে বার্তা পাওয়ার তারিখ থেকে একজন কর্পোরেট এজেন্ট হিসেবে কাজ করা বন্ধ করে দেবেন। যদিও তিনি ইতিমধ্যে তাঁর মাধ্যমে হওয়া চুক্তিগুলির জন্য পরিষেবা দিতে বাধ্য থাকবেন। এই ধরনের পরিষেবাগুলি দেওয়া চলবে সেইসমস্ত বিদ্যমান চুক্তির মেয়াদ পর্যন্ত, যেগুলি ইতিমধ্যেই বন্ধ হয়ে গেছে বা ছয়

মাসের মেয়াদ রয়েছে যেটা আগে সেই সময়ের মধ্যে তারা সংশ্লিষ্ট বীমাকারীর সঙ্গে উপযুক্ত ব্যবস্থা করে নেবেন।

7. কর্পোরেট এজেন্টকে রেজিস্ট্রেশন মঞ্জুরির শর্তাবলী

বিধি 9-এর অধীনে মঞ্জুর করা রেজিস্ট্রেশন অথবা বিধি 11-এর অধীনে মঞ্জুর করা রিনিউয়াল নিম্নলিখিত শর্তগুলি সাপেক্ষে হবে:-

(i) এই বিধিগুলির অধীনে রেজিস্ট্রিকৃত কর্পোরেট এজেন্ট কেবলমাত্র বিধি (3)-এ নির্ধারিত বীমা ব্যবসার প্রচার ও পরিষেবা দিতে পারবেন;

(ii) কর্পোরেট এজেন্ট বীমা আইন, ইনসিওরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অ্যাক্ট, 1999 এবং বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ দ্বারা জারি করা বিধি, সার্কুলার, নির্দেশিকা ও অন্যান্য নির্দেশ মেনে চলতে বাধ্য থাকবে;

(iii) কর্তৃপক্ষের কাছে তাদের তরফে আগে পেশ করা তথ্য বা বিবরণ মিথ্যা বা কোনো বস্তুগত বিবরণের ভিত্তিতে বিভ্রান্তিকর দেখা গেলে অথবা ইতিমধ্যে পেশ করা তথ্যে কোনো বস্তুগত পরিবর্তন হলে কর্পোরেট এজেন্ট তৎক্ষণাৎ তা কর্তৃপক্ষকে জানাবেন;

(iv) কর্তৃপক্ষের কাছ থেকে কোনো অভিযোগ পাওয়ার 14দিনের মধ্যে তার প্রতিবিধানের জন্য কর্পোরেট এজেন্ট পর্যাপ্ত ব্যবস্থা নেবেন এবং কর্তৃপক্ষের নির্ধারিত ফরম্যাট ও উপায়ে সেই ক্লায়েন্টের থেকে পাওয়া অভিযোগের সংখ্যা, প্রকৃতি ও অন্যান্য বিবরণ কর্তৃপক্ষকে জানিয়ে রাখবেন।

(v) কর্পোরেট এজেন্ট তাদের সম্পদ ও তাদের নিযুক্ত নির্দিষ্ট ব্যক্তির সংখ্যার সঙ্গে যথোপযুক্ত যুক্তিসম্মত সংখ্যক বীমা পলিসির জন্য অনুরোধ ও সংগ্রহ করবে।

(vi) কর্পোরেট এজেন্ট কর্তৃপক্ষের নির্ধারিত ফরম্যাটে রেকর্ড বজায় রাখবে যা পলিসি-ওয়াড়ি ও নির্দিষ্ট ব্যক্তি-ওয়াড়ি বিবরণ ধরে রাখবে যার মধ্যে কর্পোরেট এজেন্ট দ্বারা অনুরোধ করা প্রত্যেকটা পলিসি নির্দিষ্ট ব্যক্তির সঙ্গে ট্যাগ বা যুক্ত করা হবে, শুধুমাত্র সেগুলি ছাড়া, যেগুলি সরল, কাউন্টার থেকে বিক্রি হয়েছে এবং কর্তৃপক্ষ দ্বারা নির্দিষ্টভাবে অনুমোদিত। কর্পোরেট এজেন্ট সেগুলি সিস্টেমে ঢুকিয়ে দেবে যাতে কর্তৃপক্ষ এই ধরনের রেকর্ড ও বিবরণগুলি নিয়মিত অ্যাক্সেস করতে পারে।

(vii) কোনো পরিস্থিতিতেই কর্পোরেট এজেন্ট বীমা পণ্যের অনুরোধের জন্য বহুস্তরীয় বিপণন করতে পারবেন না;

(viii) কর্পোরেট এজেন্ট তাদের ডিরেক্টর, প্রিন্সিপাল অফিসার ও নির্দিষ্ট ব্যক্তিদের উপর প্রযোজ্য আচরণবিধি মেনে চলা সুনিশ্চিত করবেন;

(ix) কর্পোরেট এজেন্ট তাদের কর্পোরেট এজেন্সির ব্যবসার জন্য বিধি 31-এ নির্ধারিত আলাদা হিসেব খাতা বজায় রাখবেন।

8. ফি প্রদান ও ফি দিতে ব্যর্থ হলে তার পরিণতি –

(1) রেজিস্ট্রেশন ও রিনিউয়ালের আবেদনের সময় প্রত্যেক কর্পোরেট এজেন্টকে প্রযোজ্য কর সহ অফেরতযোগ্য 10,000/-টাকা অ্যাপ্লিকেশন ফি জমা দিতে হবে। ইনসিওরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটিকে এই ফি জমা দিতে হবে হায়দ্রাবাদে প্রাপ্য 'দ্য ইনসিওরেন্স রেগুলেটারি অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি অব ইন্ডিয়া'র নামে অ্যাকাউন্ট পেয়ি ড্রাফটে। অ্যাপ্লিকেশন ফি ছাড়া কোনো আবেদনপত্রই প্রসেস করা হবে না।

(2) কর্তৃপক্ষের থেকে রেজিস্ট্রেশন মঞ্জুরির বার্তা পাওয়ার পর আবেদনকারী প্রযোজ্য কর সহ 25,000/-টাকার একটা ফি জমা দেবেন। ফি পাওয়ার পর এবং রেজিস্ট্রেশন মঞ্জুর করার শর্তাবলীগুলি সন্তোষজনকভাবে মানা হলে কর্তৃপক্ষ আবেদনকারীকে সেই ক্যাটাগরির অধীনে একজন কর্পোরেট এজেন্ট হিসেবে কাজ করার রেজিস্ট্রেশন মঞ্জুর করবে যার জন্য অ্যাপ্লিকেশন করা হয়েছিল।

(3) রিনিউয়ালের আবেদন জানানোর জন্য অভিলাষী একজন কর্পোরেট এজেন্ট প্রযোজ্য কর সহ 25,000/-টাকার ফি সহ নির্ধারিত ফরম্যাটে রিনিউয়ালের জন্য একটা অ্যাপ্লিকেশন করবেন।

9. **পারিশ্রমিক –**

(1) একজন কর্পোরেট এজেন্টকে পারিশ্রমিক প্রদান বা তার দ্বারা পারিশ্রমিক প্রাপ্তি পরিচালিত হবে বিভিন্ন সময়ে কর্তৃপক্ষ দ্বারা এর জন্য নির্দিষ্ট বিধি অনুযায়ী।

(5) আইআরডিএ (লাইসেন্সিং অব কর্পোরেট এজেন্ট) রেগুলেশন, 2002-এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত কর্পোরেট এজেন্টরা তাঁদের দ্বারা ব্যবসা ও সংগ্রহের জন্য পারিশ্রমিক পেতে পারেন, সেই বিধির অদীনে যাতে তাঁদের ক্রেতাদের পরিষেবা দেওয়া চালিয়ে যাওয়ার সুযোগ হয়েছে যেমনটা এই বিধিগুলির 24(2) বিধিতে নির্ধারিত হয়েছে। এই ধরনের কোনো কর্পোরেট এজেন্ট এই বিধির অধীনে রেজিস্ট্রিকৃত হতে চাইলে সেক্ষেত্রে বিধি 31-এর নির্ধারণ অনুযায়ী তাঁরা পৃথক পৃথক হিসেব খাতায় পুরোনো চুক্তি ও নতুন চুক্তি থেকে প্রাপ্ত পারিশ্রমিক উল্লেখ করবেন।

10. স্বার্থের সংঘাত –

বীমা ব্যবসার অনুরোধ ও সংগ্রহের সময় কর্পোরেট এজেন্ট নিম্নলিখিত বিষয়গুলি মেনে চলবেন:

(i) কোনো একটি নির্দিষ্ট লাইনের ব্যবসার ক্ষেত্রে একাধিক বীমাকারীর সঙ্গে চুক্তিবদ্ধ কর্পোরেট এজেন্ট সম্ভাব্য ক্রেতাকে বীমাকারীদের তালিকা জানাবেন যাদের সঙ্গে তাঁর

বীমা পণ্য বিলির বন্দোবস্ত রয়েছে এবং তাঁদের বিস্তারিত বিস্তারিত বিবরণ যোগাবেন, যেমন কভারেজের সুবিধা, পলিসির মেয়াদ, প্রদেয় প্রিমিয়াম, প্রিমিয়ামের শর্ত ও অন্যান্য তথ্য যা ক্রেতা তাঁর কাছে উপলব্ধ সমস্ত পণ্য সম্পর্কে জানতে চাইবেন। এছাড়াও সম্ভাব্য ক্রেতা জানতে চাইলে প্রস্তাবিত বীমা পণ্যগুলির নিরিখে তাঁর কমিশনের পরিমাণও তিনি প্রকাশ করবেন;

(ii) যেখানে বীমাটি কোনো একটি প্রধান ব্যবসায়িক পণ্যের সঙ্গে আনুষঙ্গিক হিসেবে বিক্রি করা হয়, সেখানে কর্পোরেট এজেন্ট বা তার শেয়ারহোল্ডার অথবা তার সহযোগী সেই প্রধান ব্যবসায়িক পণ্যের ক্রেতাকে অপরিহার্য হিসেবে বীমা পণ্য কেনার জন্য বাধ্য করবেন না। কর্পোরেট এজেন্টের প্রিন্সিপাল অফিসার এবং সিএফও (বা তার সমতুল্য) কর্তৃপক্ষের কাছে একটা সার্টিফিকেট পেশ করবেন ছয় মাসের ভিত্তিতে তফসিল VIII-এ প্রদত্ত ফরম্যাটে, যাতে সংশায়িত করা হবে যে কোনো প্রত্যাশীকেই বীমা পণ্য কেনার জন্য বাধ্য করা হয়নি।

(iii) কোনো বীমাকারীরই তাঁর প্রত্যেক ক্লায়েন্টকে বীমাকৃত করার জন্য কর্পোরেট এজেন্ট লাগবে না।

11. কর্তৃপক্ষের কাছে প্রকাশ -

(1) কর্পোরেট এজেন্ট হতে আগ্রহী একজন আবেদনকারী আবেদন পেশ করার সময়েই তাঁর নিজে থেকেই আবেদন বিবেচনার জন্য যাবতীয় বস্তুগত বিষয় প্রকাশ করবেন। তাঁদের আবেদনপত্র বিবেচনার জন্য, আবেদন পেশ করার সাথে সাথে অথবা আবেদন প্রসেসিংয়ের সময় সরবরাহকৃত তথ্যের কোনো বদল হলে, এই ধরনের পরিবর্তনগুলি আবেদনকারীর তরফে স্বেচ্ছায় কর্তৃপক্ষকে জানাতে হবে, কর্তৃপক্ষের বিবেচনার জন্য।

(2) একইভাবে কর্তৃপক্ষের ইস্যু করা একটা বৈধ লাইসেন্সধারী একজন কর্পোরেট এজেন্ট রেজিস্ট্রেশন ইস্যু করার পরপরই কর্তৃপক্ষকে স্বেচ্ছায় সেই পরিবর্তনের কথা জানিয়ে দেবেন যা কোনো বস্তুগত বিষয়ে হয়েছে, যে বিষয়ের ভিত্তিতে তাঁকে রেজিস্ট্রেশন দেওয়া হয়েছে, এই ধরনের পরিবর্তন ঘটা থেকে একটা যুক্তিগ্রাহ্য সময়ের মধ্যে তা জানাতে হবে তবে তা কোনোভাবেই 30দিনের বেশি হবে না।

(3) কোনো কর্পোরেট এজেন্টের বিরুদ্ধে অন্য কোনো নিয়ন্ত্রক বা সরকারী সংস্থা দ্বারা মামলা হলে কর্পোরেট এজেন্টকে যুক্তিগ্রাহ্য সময়ের মধ্যে তা জানাতে হবে তবে তা কোনোভাবেই 30দিনের বেশি হবে না। এই ধরনের সংস্থা দ্বারা কোনো ব্যবস্থা নেওয়া হলে বা কোনো নির্দেশ জারি হলে উপরে নির্ধারিত সময় সীমার মধ্যে তা কর্তৃপক্ষকে জানাতে হবে।

(4) সময়ে সময়ে, কর্পোরেট এজেন্টের এই ধরনের তথ্য সরবরাহ বা রিটার্ন যা উপযুক্ত বলে গণ্য হবে কর্তৃপক্ষের তা প্রয়োজন হতে পারে।

(5) কর্পোরেট এজেন্ট কর্তৃপক্ষকে তার অফিসের বিস্তারিত বিবরণ জানাবে যেখান থেকে তারা বীমা পণ্য বিলির প্রস্তাব দিয়েছেন এবং সেই নির্দিষ্ট ব্যক্তির বিবরণ দেবেন

কর্তৃপক্ষের ইস্যু করা তাঁদের সার্টিফিকেট নম্বর সহ। এছাড়াও একজন কর্পোরেট এজেন্টের একটা অফিস খোলা বা বন্ধের কথা কর্তৃপক্ষকে জানাতে হবে। কর্তৃপক্ষ উপযুক্ত মনে করলে আরো তথ্য চাইতে পারে।

(6) উপরে নির্ধারিত শর্ত মেনে চলতে ব্যর্থ হলে তার জন্য বিধিবদ্ধ ব্যবস্থা নেওয়া হবে যেমন রেজিস্ট্রেশন সাময়িক স্থগিত বা বাতিল, আর্থিক জরিমানা আরোপ বা কর্তৃপক্ষের যা উচিত মনে হবে সেই অনুযায়ী অন্যান্য ব্যবস্থা।

12. পণ্য বিলির জন্য বীমাকারীর সঙ্গে বন্দোবস্ত

a) এই বিধির অধীনে রেজিস্ট্রিকৃত কর্পোরেট এজেন্টদের পণ্য বিলির জন্য বীমাকারীর সঙ্গে একটা বন্দোবস্তে আসতে হবে। এই বন্দোবস্ত এই ধরনের ব্যবস্থায় আসার 30দিনের মধ্যে কর্তৃপক্ষকে জানাতে হবে। এই ধরনের বন্দোবস্তের ন্যূনতম মেয়াদ হবে এক বছর;

(b) এই ধরনের বন্দোবস্ত করার সময় একটি নির্দিষ্ট বীমাকারীর পণ্য বিলির জন্য কোনো কর্পোরেট এজেন্ট প্রতিশ্রুতি দেবেন না অথবা তাঁকে তা করার জন্য কোনো বীমাকারীও বাধ্য করবে না;

(d) বন্দোবস্তে পলিসিহোল্ডারদের প্রতি কর্পোরেট এজেন্টের কর্তব্য ও দায়বদ্ধতা, বীমাকারী ও কর্পোরেট এজেন্টের কর্তব্য ও দায়িত্বগুলর, বন্দোবস্ত অবসানের শর্তাবলী অন্তর্ভুক্ত করতে ধারা থাকবে,

(e) পলিসিহোল্ডারদের স্বার্থবিরোধী কোনো বন্দোবস্ত করা হবে না;

(f) একজন কর্পোরেট এজেন্ট যদি কোনো বীমাকারীর সঙ্গে বন্দোবস্ত সমাপ্ত করতে আগ্রহী হয় সেক্ষেত্রে বীমাকারী ও কর্তপক্ষকে বন্দোবস্তের অবসানের কারণ জানানোর পর তারা তা করতে পারে। এই ধরনের ক্ষেত্রে, তাঁরা এই বিষয়টি নিশ্চিত করবেন যে সমস্ত পলিসির অনুরোধ করা হয়েছিল এবং: বীমাকারীর কাছে পেশ করা হয়েছিল, সেগুলির মেয়াদ শেষ না হওয়া পর্যন্ত অথবা ছয় মাস মেয়াদ পর্যন্ত যেটা আগে হবে তাঁরা পরিষেবা দিয়ে যাবেন, এবং এই সময়ের মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে তাঁরা উপযুক্ত ব্যবস্থা তৈরি করবেন;

(g) কোনো বীমাকারী যদি কোনো কর্পোরেট এজেন্টের সঙ্গে বন্দোবস্তের অবসান চান, সেক্ষেত্রে কর্পোরেট এজেন্ট ও কর্তৃপক্ষকে বন্দোবস্ত অবসানের কারণ জানানোর পর তাঁরা তা করতে পারেন। এই ধরনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বীমাকারীই কর্পোরেট এজেন্টের সংগৃহীত পলিসিগুলির পরিষেবা দেওয়ার দায়িত্ব নেবেন। এই ধরনের সমস্ত ক্ষেত্রে, বীমাকারী সংশ্লিষ্ট পলিসিহোল্ডারদের পরিষেবা বন্দোবস্তের পরিবর্তনের কথা জানাবেন;

(h) কোনো সাইনিং ফি বা অন্য কোনো চার্জ তা সে যে নামেই হোক না কেন কোনো বীমাকারীই তা দেবেন না এবং কোনো কর্পোরেট এজেন্টও তা গ্রহণ করবেন না, কেবলমাত্র কর্পোরেট এজেন্ট হওয়ার জন্য প্রাসঙ্গিক বিধির অধীনে কর্তৃপক্ষ যেগুলি অনুমোদন করেছে শুধু সেইগুলিই ব্যতিক্রম;

(i) কর্পোরেট এজেন্টের প্রিন্সিপাল অফিসার, নির্দিষ্ট ব্যক্তি ও অন্য কোনো কর্মচারীকে কোনো বীমাকারী সরাসরি কোনো ইনসেন্টিভ (নগদ বা অ-নগদ) দেবেন না;

(j) যে কোনো সময়েই কর্তৃপক্ষ বীমাকারী বা কর্পোরেট এজেন্ট বিতরণ বন্দোবস্তের অবসানের নির্দেশ দিতে পারে, এর জন্য কারণ রেকর্ড করার মাধ্যমে।

13. পলিসিহোল্ডারদের পরিষেবা-

(1) এই বিধির অধীনে রেজিস্ট্রিকৃত একজন কর্পোরেট এজেন্টের চুক্তি গোটা মেয়াদেই পলিসিহোল্ডারদের পরিষেবা দেওয়ার দায়িত্ব থাকে। বীমা আইনের 64ভিবি ধারা অধীনে প্রয়োজনীয় প্রিমিয়াম প্রদানে সহায়তা, ক্লেইমের ক্ষেত্রে জরুরী সহায়তা ও পথনির্দেশ সহ পরিষেবা ছাড়াও রয়েছে একটা বীমা চুক্তির চলার মধ্যে উঠতে পারে এমন সমস্ত বিষয়ে পথনির্দেশ ও অন্যান্য যাবতীয় পরিষেবা।

(2) কর্পোরেট এজেন্ট যদি আইআরডিএ (কর্পোরেট এজেন্টদের লাইসেন্স প্রদান) বিধি, 2002-এর অধীনে লাইসেন্সপ্রাপ্ত হন সেক্ষেত্রে তাঁকে এই বিধির বিধি 1 (3) মেনে চলতে হবে। যদিও এই বিধির উপ-ধারা (1)-এর চাহিদা অনুযায়ী তাঁরা তাঁদের বর্তমান পলিসিহোল্ডারদের পরিষেবা দেওয়া চালিয়ে যাবেন যতদিন না এই ধরনের পলিসিগুলির মেয়াদ শেষ হচ্ছে বা ছয় মাস পর্ব পর্যন্ত, যেটা আগে হবে, এই সময়ের মধ্যে তাঁরা সংশ্লিষ্ট বীমাকারীর সঙ্গে চুক্তিগুলির পরিষেবা প্রদানের জন্য উপযুক্ত বন্দোবস্ত করে নেবে। বন্দোবস্ত সহ এই ধরনের চুক্তির বিস্তারিত বিবরণ কর্তৃপক্ষের কাছে এই ধরনের বন্দোবস্ত হওয়ার তিরিশ দিনের মধ্যে প্রকাশ করতে হবে।

14. একজন কর্পোরেট এজেন্টের টেলি-মার্কেটিং মোড ও ডিস্টেন্স মার্কেটিং কার্যকলাপের মাধ্যমে বীমার বিক্রি -

(1) বীমা পণ্য বিতরণের উদ্দেশ্যে টেলিমার্কেটার পরিষেবা ও ডিস্টেন্স মার্কেটিং কাজে যুক্ত হতে আগ্রহী একজন কর্পোরেট এজেন্ট তফসিল VII নির্ধারিত নির্দেশগুলি মেনে চলবেন।

(2) উপরের উপ-বিধি (1) নিয়ে কোনো পছন্দ অপছন্দ ছাড়া একজন কর্পোরেট এজেন্ট টেলিমার্কেটের কাজে যুক্ত হওয়ার জন্য নিম্নলিখিত অতিরিক্ত শর্তগুলিও মেনে চলবেন:

a. কর্পোরেট এজেন্ট দ্বারা নিযুক্ত টেলিমার্কেটার এই বিষয়ে টেলিকম রেগুলেটারি অথরিটি অব ইন্ডিয়ার ইস্যু করা বিভিন্ন সার্কুলার এবং / অথবা নির্দেশিকা বা অন্য কোনো নির্দেশগুলি মেনে চলবে;
b. বীমা মধ্যস্থতার জন. টেলিমার্কেটিংয়ের কাজের দায়িত্ব নিতে আগ্রহী একজন কর্পোরেট এজেন্ট এই বিধির পরিশিষ্ট 4-এ নির্দিষ্ট ফর্মে কর্তৃপক্ষের থেকে আগাম অনুমোদন চাইবে। কর্তৃপক্ষ সেটা যাচাই করা পরই টেলিমার্কেটারকে একটা সার্টিফিকেট দেবে;
c. এছাড়াও, কর্পোরেট এজেন্ট কর্তৃপক্ষের কাছে নিযুক্ত অনুমোদিত যাচাইকারীর নামের তালিকাও দাখিল করবেন;

d. নিযুক্ত হওয়ার জন্য প্রস্তাব করতে হবে এই বিধির পরিশিষ্ট 5-এ নির্ধারিত ফর্মে, কর্তৃপক্ষ সেটা যাচাই করার পর অনুমোদিত যাচাইকারীকে একটা সার্টিফিকেট ইস্যু করবে।

e. অনুমোদিত যাচাইকারী যেখানে অন্য টেলিমার্কেটারের কাছে যেতে আগ্রহ প্রকাশ যিনিও বীমা মধ্যস্থতার কারবার করেন, তাহলে তাঁকে আগের টেলিমার্কেটারের থেকে একটা নো অবজেকশন সার্টিফিকেট নিতে হবে এবং একটা নতুন সার্টিফিকেট ইস্যু করার জন্য কর্তৃপক্ষের কাছে তা পেশ করতে হবে। এই ধরনের আবেদনপত্র পাওয়ার 30দিনের মধ্যে বর্তমান টেলিমার্কেটার কোনো নো অবজেকশন সার্টিফিকেট ইস্যু না করলে ধরে নেওয়া হবে যে টেলিমার্কেটারের এই সুইচ ওভার নিয়ে কোনো আপত্তি নেই;

f. সংশ্লিষ্ট কর্পোরেট এজেন্ট প্রিন্সিপাল অফিসারের মাধ্যমে অনুমোদিত যাচাইকারীর অপসারণ ও সংযুক্তির আবেদন করবেন;

g. কর্পোরেট এজেন্ট ট্রাইয়ের কাছে টেলিমার্কেটার হিসেবে রেজিস্ট্রিকৃত হলে, কর্পোরেট এজেন্ট শুধুমাত্র সেই বীমাকারীদের হয়ে টেলিমার্কেটার হিসেবে কাজ করতে পারবেন যাদের সঙ্গে তাঁর বন্দোবস্ত রয়েছে;

h. কোনো কর্পোরেট এজেন্ট বা তার টেলিমার্কেটার ততক্ষণ কোনো ব্যক্তিকে কল করতে পারবে না যতক্ষণ না তিনি বীমা পণ্য কেনার জন্য খোঁজ নিয়ে ইচ্ছা প্রকাশ করেছেন। তাঁরা এই ধরনের লোকের ডেটাবেস সামলাবেন এবং কর্তৃপক্ষ বা অন্য কোনো অনুমোদিত ব্যক্তি দ্বারা যাচাই ও পরীক্ষার জন্য খোঁজ নেবেন।

i. সম্ভাব্য ক্রেতার কাছে টেলিমার্কেটার নিম্নলিখিত তথ্যগুলি প্রকাশ করবেন

(a) যে কর্পোরেট এজেন্টের তারা প্রতিনিধিত্ব করছে তার নাম;

(b) কর্পোরেট এজেন্টের রেজিস্ট্রেশন নম্বর;

(c) ক্রেতা যদি কল ব্যাক করতে চান বা টেলিসেলস তথ্য যাচাই করতে চান তাহলে টেলিমার্কেটার এবং/অথবা কর্পোরেট এজেন্টের যোগাযোগ নম্বর;

(d) টেলিকল করছেন যে ব্যক্তি (অনুমোদিত যাচাইকারী)র নাম ও আইডেন্টিফিকেশন নম্বর।

j. টেলিমার্কেটার নিয়োগ করছেন যে কর্পোরেট এজেন্ট তাঁকে টেলিমার্কেটারের সঙ্গে একটা চুক্তিতে আসতে হবে এবং সেই চুক্তি বিস্তারিত বিবরণ দেবে যেমন ডেটাবেসের উৎস, কর্তব্য ও দায়িত্ব, পেমেন্টের বিবরণ, চুক্তির মেয়াদ, আইন, বিধি, নির্দেশিকা, সার্কুলার, কর্তৃপক্ষ দ্বারা জারি করা নির্দেশ লঙ্ঘনের ক্ষেত্রে গৃহীত ব্যবস্থা, অনুমোদিত যাচাইকারীর আচরণ বিধি। যখন এবং যেমন প্রয়োজন পড়বে সেই মতো কর্তৃপক্ষ বা কর্তৃপক্ষের অনুমোদিত কোনো ব্যক্তির কাছে চুক্তি উপলভ্য হবে;

k. প্রত্যেক টেলিমার্কেটার ও অনুমোদিত যাচাইকারীরা এই বিধির তফসিল III-এ কর্পোরেট এজেন্টদের জন্য নির্ধারিত আচরণ বিধি মেনে চলবে।

l. টেলিমার্কেটারের প্রেমিসেস বা অন্য কোনো প্রেমিসেস পরিদর্শনের ক্ষমতা থাকবে কর্তৃপক্ষের, যেখানে কর্তৃপক্ষ মনে করবে রেকর্ড / নথি যাচাই জরুরী, এবং তারা নথি / রেকর্ড, টেলিমার্কেটারের কোনো কর্মীর রেকর্ড স্টেটমেন্ট এবং তাদের বিবেচনার ভিত্তিতে যে কোনো নথি / রেকর্ডের কপি চাইতে পারে:

m. টেলিমার্কেটারকে অন্যান্য শর্তাবলীও মেনে চলতে হবে যেগুলি বিভিন্ন সময়ে এই বিষয়ে কর্তৃপক্ষ দ্বার নির্ধারিত হতে পারে।

(3) একজন টেলিমার্কেটার তিনের বেশি বীমাকারী বা বীমা সম্পর্কিত সত্বার সঙ্গে যুক্ত হবেন না

15. কর্পোরেট এজেন্টের আচরণ বিধি-

(1) প্রত্যেক কর্পোরেট এজেন্ট এই বিধির তফসিল III-এ নির্ধারিত আচরণ বিধি মেনে চলবে,

(2) কর্পোরেট এজেন্ট এই বিধিগুলির অধীনে নির্ধারিত আচরণ বিধির লঙ্ঘন সহ তার প্রিন্সিপাল অফিসার, নির্ধারিত ব্যক্তি ও অন্যান্য কর্মীর ভুল ত্রুটির জন্য দায়ী থাকবেন এবং জরিমানা দিতে বাধ্য থাকবেন, বীমা আইনের 102 ধারার অধীনে যা এক কোটি টাকা পর্যন্ত হতে পারে।

16. রেকর্ড বজায় রাখা

একজন কর্পোরেট এজেন্ট ইলেক্ট্রনিক ফর্ম সহ নিম্নলিখিত রেকর্ডগুলি বজায় রাখবেন এবং কর্তৃপক্ষ যখন যেমন চাইবে সেইমতো সেগুলি উপলভ্য হবে -

(i) ক্লায়েন্টের নো ইওর ক্লায়েন্ট (কেওয়াইসি) রেকর্ড, কর্তৃপক্ষের প্রাসঙ্গিক নির্দেশিকা এবং প্রিভেনশন অব মানি লন্ডারিং অ্যাক্টের ধারা অনুযায়ী যা প্রয়োজনীয়;

(ii) ক্লায়েন্টের সই করা এবং কর্পোরেট এজেন্টের নির্দিষ্ট ব্যক্তি দ্বারা এসিআর স্বাক্ষরিত যা বীমাকারীর কাছে পেশ করা হয়েছে সেই প্রোপোজাল ফর্মের কপি;

(iii) ক্লায়েন্ট তালিকা, এই ধরনের পলিসির বিবরণ, প্রিমিয়ামের অঙ্ক, পলিসি ইস্যু করার তারিখ, প্রাপ্ত চার্জ বা ফি-র একটা রেজিস্টার;

(iv) একটা রেজিস্টার যার মধ্যে অভিযোগগুলির বিবরণ থাকবে যার মধ্যে থাকবে অভিযোগকারীর নাম, অভিযোগের প্রকৃতি, ইস্যু করা বা অনুরোধ করা পলিসির বিবরণ ও এব্যাপারে গৃহীত ব্যবস্থা;

(v) একটা রেজিস্টার যার মধ্যে থাকবে নির্দিষ্ট ব্যক্তির নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, ছবি, চাকরি শুরুর তারিখ, কাজ ছাড়ার তারিখ, এমন কিছু যদি থাকে, সেই ব্যক্তিকে প্রদেয় মাসিক পারিশ্রমিক;

(vi) কর্তৃপক্ষের সঙ্গে বিনিময় কার চিঠির কপি;

(vii) সময়ে সময়ে কর্তৃপক্ষের দ্বারা নির্ধারিত হতে পারে এমন অন্য কোনো রেকর্ড।

17. হিসেবের খাতা, রেকর্ড প্রভৃতির রক্ষণাবেক্ষণ -

(1) যাকে একান্তই বীমা মধ্যস্থতার জন্য অন্তর্ভুক্ত করা হয়েছে এমন একজন কর্পোরেট এজেন্ট প্রত্যেক আর্থিক বর্ষের জন্য নিম্নোক্ত হিসেবের খাতা তৈরি করবেন -

(i) প্রত্যেক হিসেব পর্বের শেষে একটা ব্যালান্স শিট বা একটি স্টেটমেন্ট অব অ্যাফেয়ার্স;

(ii) সেই পর্বের জন্য লাভ ক্ষতির হিসেব;

(iii) ক্যাশ/ফান্ড ফ্লো-র একটা স্টেটমেন্ট;

(iv) সময়ে সময়ে কর্তৃপক্ষের প্রয়োজন পড়তে পারে এমন কোনো অতিরিক্ত স্টেটমেন্ট।

নোট 1 : এই বিধির উদ্দেশ্যে আর্থিক বর্ষ হবে 12মাসের একটা পর্ব (অথবা কম যেখানে ব্যবসা 1লা এপ্রিলের পর শুরু হয়েছে) একটি বছরের এপ্রিল মাসের প্রথম দিন থেকে শুরু এবং পরের বছরের 31শে মার্চে শেষ এবং অ্যাক্রুয়াল ভিত্তিতে হিসেব রাখা হবে।

নোট 2: তাদের ফিনান্সিয়াল স্টেটমেন্ট বা বীমাকারী ও বীমাকারীর কোম্পানি গোষ্ঠীর থেকে প্রাপ্ত যাবতীয় আয়ের বিবরণ দেওয়ার ক্ষেত্রে একটা সময়তালিকা থাকা উচিত, সেখানে বীমাকারী-ওয়াড়ি, কর্পোরেট এজেন্ট অনুযায়ী ও কোম্পানী গোষ্ঠী এবং/অথবা কোনো বীমাকারীর কর্পোরেট এজেন্টের সহযোগী দ্বার প্রাপ্ত পেমেন্টের বিস্তারিত বিবরণও থাকবে।

(a) অডিটরের রিপোর্ট সহ উপ-বিধি (1)-এর বর্ণনা অনুযায়ী অডিট করা ফিনান্সিয়াল স্টেটমেন্টের একটা কপি প্রতি বছরের 30শে সেপ্টেম্বরের মধ্যে কর্তৃপক্ষের কাছে পেশ করতে হবে, যার মধ্যে ব্যবসা পরিচালনা, স্টেট অব অ্যাকাউন্ট প্রভৃতির বিষয়ে অডিটরের কোনো পর্যবেক্ষণ বা মন্তব্য থাকলে তা জুড়ে দিতে হবে এবং কর্তৃপক্ষের কাছে দাখিল করা সেই সব হিসেবের যুক্ত করতে হবে এই ধরনের পর্যবেক্ষণ সম্পর্কে উপযুক্ত ব্যাখ্যাও।

(b) অডিটরের রিপোর্টের তারিখ থেকে নব্বই দিনের মধ্যে কোনো ঘাটতি থেকে থাকলে তা পূরণে প্রয়োজনীয় পদক্ষেপ অডিটরের রিপোর্টে রাখতে হবে এবং কর্তৃপক্ষকে তা জানাতে হবে।

(c) হিসেব, স্টেটমেন্ট, নথিপত্র প্রভৃতির যাবতীয় খাতা কর্পোরেট এজেন্টের হেড অফিসে বা কর্তৃপক্ষ দ্বারা মনোনীত ও বিজ্ঞাপিত এই ধরনের শাখা অফিসে রাখতে হবে, এবং কর্তৃপক্ষের অফিসার এবং পরিদর্শনের জন্য তাদের তরফে অনুমোদিত অফিসারদের কাছে সেই খাতাগুলি সমস্ত কাজের দিনে উপলভ্য হবে।

(d) এই বিধিতে উল্লেখিত এবং কর্পোরেট এজেন্ট দ্বারা রক্ষিত সমস্ত খাতা, নথিপত্র, স্টেটমেন্ট, কন্ট্রাক্ট নোট প্রভৃতি এগুলি যে বছর সম্পর্কিত সেই বছর শেষ হওয়া থেকে ন্যূনতম দশ বছরের মেয়াদ পর্যন্ত রেখে দিতে হবে। যদিও, যেখানে ক্লেইম করা হয়েছে ও নিষ্পত্তির বিষয়টি আদালতের সিদ্ধান্তের জন্য বকেয়া পড়ে রয়েছে সেই কেসগুলি সম্পর্কিত নথিপত্রগুলি আদালতে মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত রেখে দিতে হবে।

(2) যার প্রধান ব্যবসা বীমা মধ্যস্থতা ছাড়া অন্য কিছু, এমন কর্পোরেট এজেন্টদের ক্ষেত্রে তারা হিসেব রাখবেন বিভাগ অনুযায়ী বীমা মধ্যস্থতার জন্য প্রাপ্ত রাজস্ব ও বীমাকারীর থেকে অন্যান্য আয় ধরে।

(3) পরিষেবার জন্য কর্পোরেট এজেন্ট নিযুক্ত করেছেন এমন প্রত্যেক বীমাকারী কর্তৃপক্ষের কাছে এই ধরনের সমস্ত কর্পোরেট এজেন্টের জন্য আলাদা আলাদাভাবে একটা সার্টিফিকেট দাখিল করবেন, সিইও এবং সিএফও-র স্বাক্ষরিত তফসিল VIA-তে দেওয়া নির্দিষ্ট ফরম্যাটে। একই রকম একটি সার্টিফিকেট তফসিল VIB-তে দেওয়া ফরম্যাটে কর্তৃপক্ষের কাছে কর্পোরেট

এজেন্টের প্রিন্সিপাল অফিসার ও সিএফও (বা তার সমতুল)কে দাখিল করতে করতে হবে যাতে বীমাকারীর থেকে প্রাপ্ত কমিশন/পারিশ্রমিক নির্দিষ্ট করা থাকবে।

18. সাধারণ:

(1) এই বিধির বিজ্ঞপ্তি জারির তারিখ থেকে কোনো ব্যক্তিই কর্পোরেট এজেন্ট হিসেবে কাজ করতে পারবেন না যদি না এই বিধির অধীনে কর্তৃপক্ষ তাঁকে রেজিস্ট্রেশন মঞ্জুর করে থাকে, ব্যক্তিক্রম কেবলমাত্র এই বিধির 1(3) বিধিতে নির্দিষ্ট করা ক্ষেত্র।

(2) কর্পোরেট এজেন্ট ও একজন বীমাকারীর মধ্যে তৈরি হওয়া কোনো বিতর্ক বা কর্পোরেট এজেন্ট হিসেবে তার নিযুক্তি মধ্যে অন্য কোনো ব্যক্তির সঙ্গে কোনো বিতর্ক দেখা দিলে তা সেই ব্যক্তি কর্তৃপক্ষকে জানাতে পারে; এবং অভিযোগ পাওয়ার পর কর্তৃপক্ষ অভিযোগ খতিয়ে দেখবে এবং জরুরী মনে করলে বিধি অনুযায়ী এক তদন্ত বা পরিদর্শন বা অনুসন্ধান করতে পারে।

আচরণ বিধি

I. সাধারণ আচরণ বিধি

1. প্রত্যেক কর্পোরেট এজেন্ট পেশাদারি আচরণের স্বীকৃত মাপকাঠি মেনে চলবে এবং পলিসিহোল্ডারদের স্বার্থে তার কর্তব্য পালন করবে। এই কাজ করার সময়-

a) ক্লায়েন্টের সঙ্গে সবসময় পরম বিশ্বাস ও সততার সঙ্গে কাজ করবে;
b) যত্ন ও অধ্যবসায়ের সঙ্গে কাজ করবে;
c) নিশ্চিত করবে যাতে ক্লায়েন্ট কর্পোরেট এজেন্টের সঙ্গে তাঁর সম্পর্ক বুঝতে পারেন এবং বোঝেন যে তাঁর তরফেই কর্পোরেট এজেন্ট কাজ করছেন;
d) সম্ভাব্য ক্লায়েন্টের সরবরাহ করা সমস্ত তথ্য সম্পূর্ণ গোপনীয়ভাবে বিবেচনা করবেন তার ও বীমাকারীর মধ্যে যার কাছে ব্যবসার প্রস্তাব দেওয়া হয়েছে;
e) তাদের হাতে থাকা গোপন নথিপত্রগুলির নিরাপত্তা রক্ষা করতে যথাযথ ব্যবস্থা নেবেন;
f) একটা কোম্পানির কোনো ডিরেক্টর বা কোনো ফার্মের কোনো শরিক অথবা চিফ এক্সিকিউটিভ বা প্রিন্সিপাল অফিসার বা নির্দিষ্ট ব্যক্তি অন্য কর্পোরেট এজেন্সির একই পদে থাকবেন না;

2. প্রত্যেক কর্পোরেট এজেন্টকে যা করতে হবে:

a) তার প্রিন্সিপাল অফিসার ও প্রত্যেকটি নির্দিষ্ট ব্যক্তির সমস্ত ভুল ত্রুটির জন্য দায়ী থাকবেন;
b) নিশ্চিত করবেন যে প্রিন্সিপাল অফিসার ও সমস্ত নির্দিষ্ট ব্যক্তি যথাযথ প্রশিক্ষিত, দক্ষ এবং তাঁরা যে বীমা পণ্যের বিপণন করছেন সেগুলির বিষয়ে তাঁদের উপযুক্ত জ্ঞান রয়েছে;
c) নিশ্চিত করবেন যে প্রিন্সিপাল অফিসার ও নির্দিষ্ট ব্যক্তি পলিসির উপকারিতা ও পলিসির আওতায় উপলভ্য রিটার্ন সম্পর্কে প্রত্যাশীকে কোনো রকম মিথ্যা বর্ণনা দেবেন না;
d) নিশ্চিত করবেন যে একটা বীমা পণ্য কেনার জন্য কোনো প্রত্যাশীকে বাধ্য করা হবে না;

e) বীমা পণ্য সম্পর্কে বীমাকৃতকে পর্যাপ্ত প্রাক-ক্রয় ও ক্রয়-পরবর্তী পরামর্শ দেবেন;
f) ক্লেইমের ক্ষেত্রে যাবতীয় আনুষ্ঠানিক কাজকর্ম ও কাগজপত্র তৈরি করতে একজন বীমাকৃতকে সমস্ত রকমের সাহায্য ও সহযোগিতা করবেন;
g) স্পষ্টভাবে এই সত্যটা জানিয়ে দেবেন যে কর্পোরেট এজেন্টরা ঝুঁকির মূল্যায়ন করে না বা একজন বীমাকারী হিসেবে কাজ করে না;
h) বীমাকারীর সঙ্গে একটা চুক্তিতে আসবে যাতে দায়িত্ব ও কর্তব্য উভয় নির্দিষ্ট হবে

II. প্রাক-বিক্রয় আচরণ বিধি

3. প্রত্যেক কর্পোরেট এজেন্ট বা প্রিন্সিপাল অফিসার ব একজন নির্দিষ্ট ব্যক্তি নিচে নির্ধারিত আচরণ বিধি মেনে চলবেন:

i) প্রত্যেক কর্পোরেট এজেন্ট/প্রিন্সিপাল অফিসার/নির্দিষ্ট ব্যক্তি-

a) নিজেদের পরিচয় দেবেন এবং প্রত্যাশী চাইলে তাঁর রেজিস্ট্রেশন/সার্টিফিকেট প্রকাশ করবেন;
b) যার সঙ্গে তার বন্দোবস্ত রয়েছে সেই বীমাকারীর দ্বারা বিক্রির জন্য প্রস্তাবিত বীমা পণ্যের সম্পর্কে প্রয়োজনীয় তথ্য তুলে ধরবেন এবং একটি নির্দিষ্ট বীমা প্ল্যান সুপারিশ করার সময় প্রত্যাশীর চাহিদার কথা মাথায় রাখবেন;
c) প্রত্যাশী জানতে চাইলে বিক্রির জন্য প্রস্তাবিত বীমা পণ্যের জন্য কমিশনের মাত্রা প্রকাশ করবেন;
d) বিক্রির জন্য প্রস্তাবিত বীমা পণ্যের জন্য বীমাকারীর ধার্য প্রিমিয়াম সম্পর্কে ইঙ্গিত দেবেন;
e) প্রত্যাশীকে বুঝিয়ে দেবেন যে প্রোপোজাল ফর্মে বীমাকারীর কী ধরনের তথ্যের প্রয়োজন, এবং একটা বীমা চুক্তি কেনার ক্ষেত্রে বস্তুগত তথ্য প্রকাশের গুরুত্ব কী তাও বুঝিয়ে দেবেন;
f) প্রত্যাশীর কোনো খারাপ অভ্যাস বা আয়ের অস্থিরতার বিষয়টি বীমাকারীর নজরে আনবেন, বীমাকারীর সম্পর্কে যাবতীয় যুক্তিগ্রাহ্য অনুসন্ধান করে প্রত্যেকটি প্রস্তাবের সাথে বীমাকারীর কাছে পেশ করা একটা গোপন রিপোর্ট, এবং এমন কোনো বস্তুগত বিষয় যা প্রস্তাব গ্রহণের ব্যাপারে বীমাকারীর আন্ডাররাইটিংয়ের সিদ্ধান্তকে প্রতিকূলভাবে প্রভাবিত করতে পারে;
g) বীমাকারীর দ্বারা প্রস্তাব গৃহীত বা প্রত্যাখ্যাত হওয়া মাত্র সঙ্গে সঙ্গে তা প্রত্যাশীকে জানিয়ে দেবেন;
h) বীমাকারীর কাছে প্রোপোজাল ফর্ম দাখিলের সময় প্রয়োজনীয় নথিপত্রগুলি হাতে নিয়ে রাখবেন এবং প্রস্তাব সম্পূর্ণ করার জন্য পরবর্তীকালে বীমাকারী চাইলে সেই সমস্ত নথিপত্রও সংগ্রহ করবেন।

ii) কোনো কর্পোরেট এজেন্ট/প্রিন্সিপাল অফিসার/নির্দিষ্ট ব্যক্তি যা করবেন না, ----

a) বৈধ রেজিস্ট্রেশন/সার্টিফিকেট ছাড়া বীমা ব্যবসার অনুরোধ বা সংগ্রহ;
b) প্রোপোজাল ফর্মে কোনো বস্তুগত তথ্য বাদ দিতে প্রত্যাশীকে উৎসাহিত;
c) প্রস্তাব গ্রহণের জন্য বীমাকারীর কাছে পেশ করা প্রোপজাল ফর্ম বা নথিপত্রে মিথ্যা তথ্য পেশ করতে প্রত্যাশীকে উৎসাহিত;

d) প্রত্যাশীর সঙ্গে খারাপ ব্যবহার;
e) অন্য কোনো নির্দিষ্ট ব্যক্তি বা অন্য কোনো বীমা মধ্যস্থতাকারীর দ্বারা পেশ করা কোনো প্রস্তাবে হস্তক্ষেপ;
f) বীমাকারীর প্রস্তাবিত ছাড়া অন্য কোনো হার, সুবিধা, শর্তের প্রস্তাব দেওয়া;
g) একজন পলিসিহোল্ডারকে বর্তমান পলিসির অবসান করতে বাধ্য করা এবং এই ধরনের অবসানে তিন বছরের মধ্যে তাঁর থেকে নতুন প্রস্তাব কার্যকরী করতে বাধ্য করা;
h) কোনো কর্পোরেট এজেন্টের একটা বীমা ব্যবসার পোর্টফোলিও আছে একজন ব্যক্তি বা একটি সংস্থা বা একটি সংস্থার গোষ্ঠী যার প্রিমিয়াম কোনো এক বছরে সংগৃহীত মোট প্রিমিয়ামের পঞ্চাশ শতাংশের বেশি প্রিমিয়াম আছে;
i) কর্তৃপক্ষের আগাম অনুমোদন ছাড়া কোনো বীমা কোম্পানির ডিরেক্টর হবেন না বা থাকবেন না।
j) টাকার কোনো ধরনের বেআইনি কারবারে যুক্ত থাকবেন না;
k) মিথ্যা কল বা জাল কলের মাধ্যমে তাদের মাধ্যমে বা কল সেন্টারের মাধ্যমে বীমা ব্যবসার উৎস সন্ধানে যুক্ত থাকবেন না;
l) বীমাপণ্যের অনুরোধ ও সংগ্রহের জন্য বহু-স্তরীয় মার্কেটিংয়ের দায়িত্ব নেবেন না;
m) বীমা ব্যবসায় প্রশিক্ষিত নয় ও অনুমোদিত নয় এমন লোককে নিযুক্ত করবেন না;
n) সার্টিফিকেট বা রেজিস্ট্রেশন অনুযায়ী বীমা পণ্যের অনুরোধ ও পরিষেবা দান ছাড়া বীমা উপদেষ্টা বা ক্লেইম উপদেষ্টা বা বীমা সম্পর্কিত অন্য কোন পরিষেবার যোগান দেবেন না।
o) বীমা পণ্যের বিতরণের উন্নতিসাধনে নির্দিষ্ট ব্যক্তি ছাড়া অন্য কোনো ব্যক্তিকে নিয়োগ, উৎসাহিত, তার সঙ্গে চুক্তিতে আসা বা কোনো ধরনের বন্দোবস্তে আসবেন না, রেফার করার জন্য, অনুরোধ করতে, লিড তৈরি করতে, পরামর্শ দিতে, পরিচয় করাত, সম্ভাব্য পলিসিহল্ডারের যোগাযোগের বিবরণ খুঁজবেন না বা তার যোগান দেবেন না;
p) বিক্রি, পরিচয় করানো, লিড তৈরি, কোনো ব্যক্তি বা সত্বার উল্লেখ বা খোঁজার জন্য কোনো রকম ফি, উৎসাহভাতা অন্য কারের নামে প্রদান করবেন না বা পেমেন্ট করতে দেবেন না

III. বিক্রয় পরবর্তী আচরণ বিধি প্রত্যেক কর্পোরেট এজেন্ট করবেন -

a) প্রত্যেক ব্যক্তিগত পলিসিহোল্ডারকে পরামর্শ দেবেন নমিনেশন কার্যকরী করতে বা বরাদ্দ করতে বা ঠিকানা বদলাতে বা পছন্দ বাছাই করতে, বিষয়টা যেমন হতে পারে সেই অনুযায়ী, এবং যেখানে দরকার সেই মত এর জন্য প্রয়োজনীয় সহায়তার প্রস্তাব দেবেন;
b) ইতিমধ্যেই তাঁর মাধ্যমে সংগৃহীত বীমা ব্যবসা ধরে রাখতে পলিসিহোল্ডারকে দিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রিমিয়াম জমা দেওয়া নিশ্চিত করতে সবরকম ব্যবস্থা করবেন, পলিসিহোল্ডারদের মৌখিকভাবে জানিয়ে ও লিখিতভাবে তাঁদের নজর করিয়ে।
c) নিশ্চিত করবেন যেন ক্লায়েন্ট বীমার মেয়াদ শেষ হওয়ার তারিখ সম্পর্কে সচেতন থাকেন, এমনকি ক্লায়েন্টকে যদি আরো কভারের প্রস্তাব না দেওয়া হয়ে থাকে তাহলেও।
d) পলিসি শুরু হওয়ার পর বা শেষ রিনিউয়াল তারিখ থেকে পলিসিকে প্রভাবিত করেছে এমন কোনো পরিবর্তনের প্রয়োজনীয়তা সহ বিষয়গুলি রিনিউয়াল নোটিসের মধ্যে প্রকাশ করার কর্তব্য সম্পর্কে সতর্কবার্তা থাকলে তা নিশ্চিত করবেন;

e) এটাও নিশ্চিত করবেন যে একটা রিনিউয়াল নোটিসের মধ্যে চুক্তি পুনর্নবীকরণের জন. বীমাকারীকে সরবরাহ করা সমস্ত তথ্যের একটা রেকর্ড (চিঠির প্রতিলিপি সহ) রাখার একটা চাহিদা থাকবে;

f) নিশ্চিত করবেন যাতে মেয়াদ শেষ হওয়ার তারিখের যথেষ্ট আগে ক্লায়েন্ট বীমাকারীর রিনিউয়ালের আমন্ত্রণ পেয়ে যান।

g) বীমাকারীর দ্বারা ক্লেইম নিষ্পত্তির জন্য প্রয়োজনীয়তা মেনে পলিসিহোল্ডার বা ক্লেইমকারী বা উপভোক্তাকে প্রয়োজনীয় সহায়তা দেবেন;

h) সঙ্গে সঙ্গে ক্লেইমের কথা জানানো ও সমস্ত বস্তুগত বিষয় প্রকাশ করতে ক্লায়েন্টকে তাঁর দায়বদ্ধতা বুঝিয়ে দেবেন এবং যত শীঘ্র সম্ভব পরবর্তী পর্যায় সম্পর্কে পরামর্শ দেবেন;

i) যেখানে তার মনে হবে ক্লায়েন্ট তা করেননি সেখানে ক্লায়েন্টকে সত্য, ন্যায্য ও সবটা প্রকাশ করতে পরামর্শ দেবেন। আরো কিছু প্রকাশ যদি আসন্ন না হয় তাহলে তিনি ক্লায়েন্টের জন্য আরো কিছু করতে অস্বীকার করার কথা বিচার করবেন;

j) ক্লেইম সংক্রান্ত কোনো প্রয়োজনীয়তার বিষয়ে ক্লায়েন্টকে দ্রুত পরামর্শ দেবেন;

k) একটা ক্লেইম বা ঘটনা যা থেকে ক্লেইম হতে পারে সেটা সম্পর্কে ক্লায়েন্টের থেকে প্রাপ্ত যে কোনো তথ্য বিলম্ব না করে, এবং কোনো ঘটনা তিনটি কর্মদিবসের মধ্যে ফরওয়ার্ড করে দেবেন;

l) একটা ক্লেইম নিয়ে বীমাকারীর সিদ্ধান্ত বা অন্য কিছু সম্পর্কে বিলম্ব না করে ক্লায়েন্টকে পরামর্শ দেবেন; এবং তাঁর ক্লেইম অনুধাবন করতে ক্লায়েন্টকে যাবতীয় যুক্তিগ্রাহ্য সহায়তা দেবেন।

m) একটা বীমা চুক্তির অধীনে কোনো উপভোক্তার থেকে কিছু দাবি করবেন না বা ভাগ নেবেন না;

n) নিশ্চিত করবেন যাতে নির্দেশের চিঠি, পলিসি ও রিনিউয়ালের কাগজপত্রের মধ্যে অভিযোগ পরিচালনা পদ্ধতির বিস্তারিত বিবরণ থাকবে;

o) হয় ফোনে অথবা লিখিতভাবে অভিযোগ গ্রহণ করবেন;

p) চিঠি পাওয়ার চোদ্দ দিনের মধ্যে অভিযোগের প্রাপ্তিস্বীকার করবেন, যাঁরা এই অভিযোগটি সামলাবেন সেই কর্মীদের পরামর্শ দেবেন এবং সেটা সামলানোর সময়সীমার বিষয়ে পরামর্শ দেবেন;

q) জবাবী চিঠি পাঠানো নিশ্চিত করবেন এবং অভিযোগকারীকে জানাবেন যদি তিনি জবাবে অসন্তুষ্ট হন তাহলে তিনি কী পড়তে পারেন;

r) নিশ্চিত করবেন যাতে একটি উপযুক্ত সিনিয়র স্তরে অভিযোগের প্রতিবিধান;

s) অভিযোগ রেকর্ড করতে ও নজরাদরির জন্য একটা ব্যবস্থা রাখবেন।

অধ্যায় 5
জীবন বীমা আইন সম্পর্কিত নীতি

অধ্যায় ভূমিকা

এই অধ্যায়ে, আমরা একটি জীবন বীমা চুক্তির জন্য প্রয়োজনীয় উপাদানগুলো নিয়ে আলোচনা করব। অধ্যায়টি একটি জীবন বীমা চুক্তির বিশেষ বৈশিষ্ট্য সঙ্গেও সম্পর্কিত।

শিক্ষণের ফলাফল

A. বীমা চুক্তি – আইনগত দিক এবং বিশেষ বৈশিষ্ট্য

A. বীমা চুক্তি - আইনগত দিক এবং বিশেষ বৈশিষ্ট্য

1. বীমা চুক্তি – আইনি দিক

a) বীমা চুক্তি

বীমা একটি চুক্তিমূলক চুক্তিতে জড়িত যেখানে বিমাকারীরা কিছু বিশেষ ঝুঁকির বিরুদ্ধে আর্থিক সুরক্ষা প্রদান করে একটি মূল্য বা প্রমিয়াম হিসেবে যা পরিচিত। চুক্তিমূলক চুক্তি একটি বিমা পলিসির আকার ধার করে।

b) বীমা চুক্তির আইনগত দিক

আমরা এখন একটি বীমা চুক্তি কিছু বৈশিষ্ট্য দেখব এবং তারপর সাধারণভাবে বীমা চুক্তিকে যে আইন সম্পর্কিত নীতিকে যা নিয়ন্ত্রণ করে সেগুলো বিবেচনা করব।

গুরুত্বপূর্ণ

একটি চুক্তি হল আইন সম্মত ভাবে দুই পক্ষের সম্মতি। বীমা চুক্তি সহ ভারতের সমস্থ চুক্তি ভারতীয় চুক্তি আইন, ১৮৭২ দ্বারা নিয়ন্ত্রিত।

একটি বীমা পলিসি দুই পক্ষের মধ্যে একটি চুক্তি, যেমন কোম্পানিকে, বিমাকারক , এবং পলিসিধারকদের বীমাকৃত বলা হয় এবং ভারতীয় চুক্তি আইন, ১৮৭২ সংরক্ষিক প্রয়োজনীয়তা পূর্ণ করে।

রেখাচিত্র 1 : বীমাচুক্তি



c) বৈধ চুক্তির উপাদান

রেখাচিত্র 2 : বৈধ চুক্তির উপাদান



বৈধ চুক্তির উপাদান:

i. প্রস্তাব এবং স্বীকৃতি

একজন ব্যক্তি যখন অন্য আরেকজনের সঙ্গে কিছু কাজ করতে সম্মতি অথবা এই ধরনের, অন্যান্য সম্মতি পাওয়া থেকে বিরত থাকেন তখন তিনি একটি প্রস্তাব তৈরী করেন বলে উল্লেখ করা হয় হয়।সাধারণত, উপস্থাপক দ্বারা প্রস্তাব তৈরী হয়, এবং বীমাকারীর স্বীকৃতি দ্বারা গঠিত হয়।

একজন ব্যক্তি যাকে প্রস্তাব দেওয়া হয়, অধিকন্তু তার সম্মতি প্রকাশ করে, এটি একটি স্বীকৃতি বলে গণ্য করা হয়। অতঃপর যখন একটি প্রস্তাব গ্রহণ করা হয় তখন সেটি একটি প্রতিশ্রুতি হয়ে যায়।

একটি চুক্তি গঠনের জন্য উপস্থাপক দ্বারা স্বীকৃতি প্রয়োজন।

যখন একজন উপস্থাপক বীমা পরিকল্পনা স্বীকার করেন এবং আমানতের পরিমাণ পরিশোধে সম্মতি প্রদান করেন, যেটি, প্রস্তাব পদ গ্রহণের পর প্রথম প্রিমিয়াম রূপান্তরিত হয় প্রস্তাব তখন পলিসির আকার ধারণ করে।

যদি কোনো শর্ত দেওয়া হয় তখন এটি একটি পাল্টা প্রস্তাব হয়ে যায়.

পলিসি বন্ড চুক্তির প্রমাণ হয়ে যায়।

ii. বিবেচনা

এর অর্থ হল যে চুক্তিতে পক্ষগুলোর জন্য কিছু পারস্পরিক সুবিধার থাকতে হবে। প্রিমিয়াম বীমাকৃত দ্বারা বিবেচনা করা হয়, এবং বিমাকারী বিবেচনা করে ক্ষতিপূরণের প্রতিশ্রুতি দিয়ে।

iii. পক্ষদের মধ্যে সম্মতি

উভয় পক্ষ একই অর্থে একই জিনিস করতে সম্মত হওয়া উচিত। অন্যভাবে, উভয় পক্ষের মধ্যে "**অভিন্ন ঐক্যমত্য**" থাকা উচিত। বীমা কোম্পানী এবং পলিসিধারক উভয়কে একই অর্থে একই জিনিসে সম্মত হতে হবে।

iv. অবাধ সম্মতি

একটি চুক্তির মধ্যে প্রবেশ করার সময় অবাধ সম্মতি থাকা উচিত।

সম্মতিকে অবাধ বলা হয় যখন এটি প্রভাবিত হয না নিম্নলিখিত কারণ থেকে:

- ✓ দমন
- ✓ অনুচিত প্রভাব
- ✓ প্রতারণা
- ✓ মিথ্যা বিবরণ
- ✓ ভুল

চুক্তি বাতিলযোগ্য হয় যখন চুক্তিটি দমন, প্রতারণা বা মিথ্যা বিবরণ দ্বারা সৃষ্ট হয়।

v. পক্ষের ক্ষমতা

চুক্তির উভয় পক্ষে চুক্তিতে প্রবেশ করার জন্য আইনতভাবে উপযুক্ত হতে হবে। পলিসিধারীকে অবশ্যই প্রস্তাব সই করার সময় প্রাপ্তবয়স্ক হতে হবে এবং সুস্থ মস্তিস্ক এবং আইন অনুযায়ী যোগ্য হতে হবে। উদাহরণস্বরূপ, নাবালকরা বীমা চুক্তি প্রবেশ করতে পারে না।

vi. বৈধতা

চুক্তির বিষয়বস্তুর বৈধতা আবশ্যক, উদাহরণস্বরূপ, কোনো বীমা অবৈধ কাজ করতে পারে না। প্রতিটি চুক্তি যার বিষয়বস্তু বা বিবেচনা বেআইনী তা অকার্যকর হয়। একটি বীমা চুক্তির বিষয়বস্তু বৈধ বিষয়বস্তু।

গুরুত্বপূর্ণ

i. **দমন** – অপরাধমূলক উপায় প্রয়োগে চাপ জড়িত।

ii. **অনুচিত প্রভাব**– যখন একজন ব্যক্তি যিনি অন্য আরেকজনের ইচ্ছা নিয়ন্ত্রণ করতে সক্ষম হয় সে অযৌক্তিক সুবিধা প্রাপ্তের জন্য তাঁর অবস্থান ব্যবহার করে।

iii. **প্রতারণা**– একজন ব্যক্তি যখন অন্য কাউকে মিথ্যা বিশ্বাস, যা সে সত্য বলে বিশ্বাস করে না তা উপস্থাপনা করে কাজ করাতে সক্রিয় করে। এটা ইচ্ছাকৃত সংবরণ থেকে বা মিথ্যাবর্ণন করে হতে পারে।

iv. **ভুল** – একজনের জ্ঞান বা বিশ্বাস বা একটি জিনিস অথবা ঘটনা ব্যাখ্যা করার ত্রুটি। এটি চুক্তির বিষয়বস্তু বোঝার ক্ষেত্রে এবং চুক্তিবদ্ধের জন্য ভুল দিকে নিয়ে যেতে পারে।

2. বীমা চুক্তি- বিশেষ বৈশিষ্ট্য

a) ইউবরিম ফাইডিজ বা যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি

এটি বীমা চুক্তির একটি মৌলিক নীতি। ইউবরিম ফাইডিজ বলা হয়, এর মানে হল চুক্তির প্রত্যেক পক্ষ অবশ্যই বীমা বিষয় সংক্রান্ত সব অত্যাবশ্যক তথ্যের প্রকাশ করবে।

যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি এবং ভাল প্রতিশ্রুতির মধ্যে একটি পার্থক্য তৈরী করা যায়। সব বাণিজ্যিক চুক্তির সাধারণত প্রয়োজন তাদের লেনদেনের সময় ভাল প্রতিশ্রুতি যেখানে কোনো তথ্য প্রদানের প্রতারণা বা প্রবঞ্চনা থাকবে না। ভাল প্রতিশ্রুতি নীরিক্ষণে এই আইনি দায়িত্ব ছাড়া বিক্রেতা ক্রেতা চুক্তি বিষয় সম্পর্কে কোনো তথ্য প্রকাশ করতে বাধ্য নয়।

এখানে পরিলক্ষিত নিয়মটি হল যে **"ক্রেতা সাবধান নীতি"** যার মানে ক্রেতা সাবধান। প্রত্যাশিত চুক্তির পক্ষরা চুক্তির বিষয়বস্তু পরীক্ষা করবেন এবং যেখানে বিশ্বস্তভাবে উত্তর দেওয়া হয়েছে সেখানে অন্য পক্ষের চুক্তি এড়ানোর কোনো প্রশ্নই নেই।

যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি: বীমা চুক্তি ভিন্ন পথ চলে। প্রথমত, চুক্তির বিষয় দুরধিগম্য এবং বিমাকারীর সরাসরি পর্যবেক্ষণ বা সহজ অভিজ্ঞতা মাধ্যমে পরিচিত নয়। আবার অনেক ঘটনা আছে, যা প্রকৃতি হিসেবে শুধুমাত্র উপস্থাপক জানতে পারেন।বিমাকারীকে প্রায়ই তথ্যের জন্য উপস্থাপকের তথ্যের উপর নির্ভর করতে হয়।

অতঃএব উপস্থাপকের আইনগত দায়িত্ব হল যাদের কাছে এই তথ্য নেই সেই সব বীমাকারীকে বীমা বিষয়ক সমস্ত তথ্য প্রকাশ করা।

উদাহরণ

ডেভিড একটি জীবন বীমা পলিসির জন্য একটি প্রস্তাব তৈরি করে। পলিসির জন্য আবেদনের সময় ডেভিড ডায়াবেটিসে ভুগছিল এবং চিকিৎসা অধিন ছিল কিন্তু ডেভিড বীমা কোম্পানীর কাছে এই সত্যটির প্রকাশ করে নি।ডেভিড ত্রিশের কোঠায় ছিল তাই জীবন বীমা কোম্পানী ডেভিডকে কোনো স্বাস্থ্য পরীক্ষার জন্য না বলেই পলিসি প্রেরণ করে কিছু বছর পরে ডেভিডের স্বাস্থ্য খারাপ হয় এবং তাকে হাসপাতালে ভর্তি করতে ডেভিড আরোগ্যলাভ করে না এবং কিছু দিনের মধ্যে মারা যায়। জীবন বীমা কোম্পানীতে দাবি উপস্থাপিত হয়েছিল।

ডেভিডের মনোনীত ব্যক্তি অপ্রত্যাশিত হয় যখন জীবন বীমা কোম্পানী দাবি প্রত্যাখ্যান করে। তদন্তে, বীমা কোম্পানী জানতে পারে যে পলিসির জন্য আবেদন করার সময় ডেভিড ইতিমধ্যে ডায়াবেটিস ভুগছিল এবং এই সত্যটি ডেভিড ইচ্ছাকৃতভাবে গোপন করে ছিল। অতঃপর বীমা চুক্তিটি নাকচ এবং বাতিল করা হয় এবং দাবী প্রত্যাখান করা হয়।

উপাদান তথ্য হল সেই তথ্য যা বীমাকারীকে সিদ্ধান্ত নিতে সক্ষম করে যে:

- ✓ তারা ঝুঁকিটি গ্রহণ করবেন কিনা?

✓ যদি গ্রহণ করে তাহলে কত প্রমিয়াম হার এবং কোন শর্তাবলী ধর্তব্যে নেবেন?

যথাসাধ্য ভাল প্রতিশ্রুতির এই আইনি দায়িত্ব সাধারণ আইনের অধীনে আসে। এই দায়িত্ব উপস্থাপকের জানা অত্যাবশ্যক তথ্যে শুধুমাত্র প্রযোজ্য নয়, যা তাঁর জানা কর্তব্য সেখানেও প্রযোজ্য।

উদাহরণ

এগুলি অত্যাবশ্যক তথ্যের কিছু উদাহরণ যেগুলো প্রস্তাব তৈরীর সময় প্রস্তাবকের প্রকাশ করা উচিত:

i. **জীবন বীমা:** নিজস্ব চিকিৎসাবিষয়ক ইতিহাস, বংশগত অসুস্থতার পারিবারিক ইতিহাস, ধূমপান এবং মদ্যপানের মত অভ্যাস, কাজ থেকে অনুপস্থিতি, বয়স, শখ, আর্থিক তথ্য যেমন প্রস্তাবকের আয় সংক্রান্ত বিবরণ, পূর্বে বিদ্যমান জীবন বীমা পলিসি, পেশা ইত্যাদি।
ii. **অগ্নি বীমা:** নির্মাণ এবং বিল্ডিং-এর ব্যবহার, বিল্ডিং-এর বয়স, সীমানায় পণ্যের প্রকৃতি ইত্যাদি।
iii. **নৌ বীমা:** পণ্যের বিবরণ, প্যাকিং পদ্ধতি ইত্যাদি।
iv. **মোটরগাড়ী বীমা:** গাড়ির বিবরণ, ক্রয় তারিখ, ড্রাইভারের বিবরণ ইত্যাদি।
v. স্বাস্থ্য বীমা

এইভাবে বীমা চুক্তি একটি উচ্চ বাধ্যবাধকতার বিষয়। যখন এটি বীমার ক্ষেত্রে আসে, তখন ভাল প্রতিশ্রুতি চুক্তি যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি চুক্তি হয়ে যায়।

সংজ্ঞা

"স্বেচ্ছায় প্রকাশ করার একটি ইতিবাচক দায়িত্ব, সঠিকভাবে এবং সম্পূর্ণরূপে ঝুঁকির সব ঘটনা উপাদান অনুরোধ বা প্রস্তাব করা হচ্ছে কিনা, এর সঙ্গে জড়িত হিসাবে "ইউবরিম ফাইডিজ " ধারণাটিকে এইভাবে সংজ্ঞায়িত করা হয়।

যদি যথাসাধ্য ভাল প্রতিশ্রুতি উভয় পক্ষের দ্বারা পালন করা না হয়, চুক্তিটি অপরের দ্বারা এড়ানো যেতে পারে।মূলত কেউ তার নিজের ভুলের সুবিধা গ্রহণ করতে পারবে না, বিশেষত একটি বীমা কন্ট্র্যাক্টে প্রবেশের সময়।

এ বীমাকৃত বীমা চুক্তি সংক্রান্ত যে কোনো সত্য উপাদানকে মিথ্যা বর্ণনা করবেন না বলে আশা করা যায়। বীমাকৃতকে সমস্ত প্রাসঙ্গিক তথ্য প্রকাশ করতে হবে।যদি এই আইনগত বাধ্যবাধকতা অস্তিত্ব না থাকে, একজন ব্যক্তি যিনি বীমা গ্রহণ করছেন তিনি হয়তো বিষয়বস্তুতে ঝুঁকি প্রভাবিত নির্দিষ্ট ঘটনা গোপন করে অনুচিত সুবিধা পেতে পারেন।

আশা করা যায় কেনো সত্য গোপন না করে পলিসিধারী তার স্বাস্থ্যের অবস্থা, পারিবারিক ইতিহাস, আয়, পেশা ইত্যাদি প্রকাশ করবেন যাতে বীমাচুক্তির দায় গ্রহণকারী ঝুঁকির যথার্থভাবে মূল্যায়ন করতে সক্ষম হবে। প্রস্তাব ফর্মে অপ্রকাশ বা মিথ্যা বর্ণনা বীমাচুক্তির দায় গ্রহণকারীর অলিখিত সিদ্ধান্তে প্রভাব ফেললে বীমাকৃতের কন্ট্র্যাক্ট বাতিল করার অধিকার আছে।

সব অত্যাবশ্যক তথ্য প্রকাশ করা আইনগত বাধ্যবাধকতা।

উদাহরণ

একজন কার্যনির্বাহী উচ্চ রক্তচাপ থেকে ভুগছেন এবং সম্প্রতি তার একটি মৃদু হার্ট অ্যাটাক হয়েছে যার জন্য তিনি নিম্নলিখিত মেডিকেল নীতি গ্রহণ করার সিদ্ধান্ত নেন কিন্তু সম্পূর্ণ তথ্যের প্রকাশ করেন না। বিমাকারীর ঘটনার মিথ্যা বর্ণনের জন্য বীমাকৃত বীমা প্রস্তাব গ্রহণে প্রতারিত হন।

একজন ব্যক্তির হৃদয়ে একটি জন্মগত ছিদ্র আছে এবং প্রস্তাব ফর্মে এটি প্রকাশ করেন। এটি বিমাকৃতের দ্বারা গৃহিত হয় এবং প্রস্তাবকারীকে অবগত করা হয়না যে পূর্ব বিদ্যমান রোগ অন্তত কমপক্ষে আগামী 4 বছর পূরণ করা হয় না। এটি বীমাকৃতের দ্বারা একটি মিথ্যা বর্ণন।

b) অত্যাবশ্যক তথ্য

সংজ্ঞা

অত্যাবশ্যক তথ্য বলতে বোঝায় একটি সত্য যা বীমাচুক্তির দায়গ্রহণ কারীর সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারেন যে তিনি ঝুঁকি গ্রহণ করবেন কিনা এবং সেটি হলেও প্রমিয়ামের হার এবং শর্তাবলী কি হবে।

একটি অপ্রকাশিত সত্য অত্যাবশ্যক কিনা তা নির্ভর করবে পৃথক ক্ষেত্রের পরিস্থিতির উপর এবং শুধুমাত্র আদালতের আইন শেষ সিদ্ধান্ত নিতে পারে। ঝুঁকিকে প্রভাবিত করবে এমন ঘটনার প্রকাশ বীমায়িতকে করতে হবে।

বীমা সংক্রান্ত কিছু ধরনের অত্যাবশ্যক তথ্য যা একজনের প্রকাশ করা উচিত সেগুলো দেখা যাক এবার:

i. তথ্য, স্বাভাবিকের চেয়ে অধিক উদ্ঘাটর ব্যাখ্যা করে যে ঝুঁকি তা নির্দেশ করে।

উদাহরণ

সমুদ্র বাহিত পণ্যসম্ভারের বিপজ্জনক প্রকৃতি, অসুস্থতার পূর্ব ইতিহাস

ii. অন্যান্য বীমাকৃত থেকে নেওয়া পুরোনো সব পলিসির অস্তিত্ব এবং তাদের বর্তমান অবস্থা

iii. প্রস্তাব ফর্মের সব প্রশ্ন বা বীমার জন্য আবেদনের উপাদান হিসেবে বিবেচনা করা হয়, কারণ এটি বীমার বিষয়বস্তুর বিভিন্ন অংশের এবং ঝুঁকির সঙ্গে জড়িত এবং সবদিক থেকে বিবেচিত। প্রশ্নের উত্তর সঠিক এবং সম্পূর্ণভাবে দিতে হবে।

নিম্নলিখিত কিছু পরিস্থিতিতে যেখানে অত্যাবশ্যক তথ্য প্রকাশ করার দরকার নেই

তথ্য

অত্যাবশ্যক তথ্য যা প্রকাশ করার দরকার নেই

এটিও ধরে নেওয়া যায় বীমাচুক্তির দায়গ্রহণকারী দ্বারা যদি নির্দিষ্ট তদন্ত না হয় তাহলে প্রস্তাবকের নিম্নলিখিত তথ্য প্রকাশ করার কোন বাধ্যবাধকতা নেই:

i. **ঝুঁকি কমাতে সমুচিত ব্যবস্থার প্রয়োগ।**

উদাহরণ: অগ্নি নির্বাপক যন্ত্রের উপস্থিতি

ii. বীমাকৃতের অজানা বা অজ্ঞাত তথ্য

উদাহরণ: একজন ব্যক্তি, যিনি উচ্চ রক্ত চাপ ভুগছেন কিন্তু পলিসি গ্রহণ করার সময় এই বিষয়ে অজ্ঞাত ছিলেন, এটিকে সত্য অপ্রকাশ সঙ্গে অভিযুক্ত করা যাবে না।

iii. কোনটি যুক্তিসঙ্গত অধ্যবসায় দ্বারা আবিষ্কৃত হতে পারে?

প্রত্যেকটি পুঙ্খানুপুঙ্খ অত্যাবশ্যক তথ্য প্রকাশ করার প্রয়োজন নেই। বীমাচুক্তি গ্রহণকারীর আরও তথ্য প্রয়োজন হলে তা জিজ্ঞাসা করার জন্য যথেষ্ট সচেতন হতে হবে।

iv. আইনি বিষয়

সবাই প্রচলিত আইন জানবে এটিই অনুমান করা যায়।

উদাহরণ: বিস্ফোরক মজুত সম্পর্কে পৌর আইন

v. যা সম্পর্কে বিমাকৃত উদাসীন (অথবা আরও তথ্যের জন্য প্রয়োজন পরিহার করে)

বিমাকৃত পরে অসম্পূর্ণ উত্তরের অজুহাতে দায়িত্ব অস্বীকার করতে পারেন না।

কখন প্রকাশ করার দায়িত্ব আছে?

জীবন বীমা চুক্তির ক্ষেত্রে, প্রস্তাব গ্রহণ না করা এবং একটি নীতি জারি আলোচনার পুরো সময়ের মধ্যে প্রকাশের দায়িত্ব থাকে। একবার নীতি গৃহীত হলে, পলিসির মেয়াদে ঘটতে পারে এমন যে কোনো অত্যাবশ্যক তথ্য প্রকাশ করার আর প্রয়োজন নেই।

উদাহরণ

শ্রী রাজন পনেরো বছরের জন্য একটি জীবন বীমা পলিসি নিয়েছেন। পলিসি গ্রহণের ছয় বছর পর শ্রী রাজনের হৃদযন্ত্রে কিছু সমস্যা হয় এবং তাকে কিছু অস্ত্রপচারের মধ্যে দিয়ে যেতে হয়।শ্রী রাজনের এই সত্যটি বীমাকৃতের কাছে প্রকাশের দরকার নেই।

অবশ্য যদি পাওনা প্রিমিয়াম না দেওয়ার কারণে পলিসি ব্যর্ধ হয় এবং পলিসিধারীর চুক্তি সক্রিয় করার দরকার হয় এবং এটি চালু করতে চাইছে, এরকম সক্রিয়তার সময়, তার কর্তব্য হল সব সত্য যা অত্যাবশ্যক এবং প্রাসঙ্গিক তা প্রকাশ করা। যেন এটি একটি নতুন পলিসি।

যথাসাধ্য ভাল বিশ্বাস ভঙ্গ

আমদের এখন পরিস্থিতির বিবেচনা করবে যা যথাসাধ্য ভাল বিশ্বাস ভঙ্গের সঙ্গে জড়িত। এমন লঙ্ঘন অপ্রকাশ বা মিথ্যা বর্ণনার মাধ্যমে উদ্ভূত হয়।

অপ্রকাশ: উদ্ভূত হতে পারে যখন বিমাকৃত অত্যাবশ্যক তথ্য সম্পর্কে সাধারণত নীরব থাকেন কারণ বীমাকারী কোনো নির্দিষ্ট তদন্ত উত্থাপিত করেননি। এটি বিমাকৃত দ্বারা উত্থাপিত প্রশ্নের অসরল উত্তরের মাধ্যমে উদ্ভূত হতে পারে। প্রায়ই প্রকাশ হয়ত অবহেলিত হতে পারে (মানে এটা হয়তো কারো জ্ঞান বা উদ্দেশ্য ছাড়াই তৈরি করা হতে পারে) অথবা প্রস্তাবক ভেবেছেন সত্যটি অত্যাবশ্য নয়।

এই ক্ষেত্রে এটি নির্দোষ। একটি সত্য যখন ইচ্ছাকৃতভাবে চাপা হয় তখন তা সংবরণ হিসাবে গণ্য করা হয়। পরেরটির ক্ষেত্রে ছলনার অভিপ্রায় আছে।

মিথ্যা বর্ণনা: বীমা কন্ট্র্যাক্টের আপসের সময় কোন বিবৃতিকে উপস্থাপনা বলা হয়। একটি উপস্থাপনা আসলে একটি ঘটনার নির্দিষ্ট বিবৃতি বা বিবৃতির বিশ্বাস, উদ্দেশ্য বা প্রত্যাশা হতে পারে। এই প্রসঙ্গে আশা করা যায় যে ঘটনার যে বিবৃতিটি তা যথেষ্ট সঠিক হবে। যখন উপস্থাপনা আসে যেটি বিশ্বাসের বিষয় বা প্রত্যাশা, যে উদ্বেগ উপস্থাপনা বিষয়ে আসে, এটা ধরে নেওয়া যেতে পারে যে এটি সরল বিশ্বাসে তৈরী করা হয়েছে।

দু'ধরনের মিথ্যা বর্ণনা হতে পারে:

i. **সরল মিথ্যা বর্ণনা** ভুল বিবৃতি, যেগুলো কোনো প্রতারণাপূর্ণ উদ্দেশ্য ছাড়াই তৈরী হয় তার সঙ্গে সম্পর্কিত।
ii. অন্যদিকে **প্রতারণাপূর্ণ মিথ্যা বর্ণনা** বলতে বোঝায় মিথ্যা বিবৃতি যেগুলো বীমাকৃতকে প্রতারণা জন্য ইচ্ছাকৃত অভিপ্রায় করা হয় বা সত্যের যথোচিত প্রসঙ্গ ছাড়াই বেপরোয়াভাবে তৈরি করা হয়।

সাধারণত একটি বীমা কন্ট্র্যাক্ট অকার্যকর হয়ে যায় যখন এখানে প্রতারণা জন্য ইচ্ছাকৃত অভিপ্রায়ের স্পষ্ট ব্যপার থাকে বা যখন এখানে প্রতারণাপূর্ণ মিথ্যা বর্ণন থাকে।

সাম্প্রতিক সংশোধন (মার্চ, ২০১৫) বীমা অধিনিয়ম, ১৯৩৮ এই সব শর্ত সম্বন্ধে কিছু গাইডলাইন আছে যার অধীনে কোনো পলিসির প্রতি জালিয়াতির প্রশ্ন তোলা যেতে পারে। নতুন বিধানগুলি হল এই রকম

<u>জালিয়াতি</u>

জীবন বীমার পলিসির পলিসি শুরু হওয়ার তারিখ বা ঝুঁকি শুরু হওয়ার তারিখ বা পলিসির পুনঃপ্রবর্তনের তারিখ বা পলিসি রাইডারের তারিখ, যা পরে আসে, তার থেকে তিন বছরের মধ্যে যে কোনো সময়ে জালিয়াতির ভিত্তিতে প্রশ্ন তোলা যেতে পারে:

বীমা কোম্পানীর তেমন সিদ্ধান্তের ভিত্তিতে বীমাকারীর উপকরণ ও ভিত্তিতে বীমাকর্তা বা আইনত প্রতিনিধি বা মনোনীত বা অধিকারপ্রাপ্ত প্রতিনিধির সঙ্গে লিখিতভাবে যোগাযোগ করতে হবে।

"জালিয়াতি" শব্দটি নিম্নরূপে সংজ্ঞায়িত ও নির্দিষ্ট করা হয়েছে:

"জালিয়াতি"-র মানে হল বীমাকর্তাকে বঞ্চিত করার উদ্দেশ্যে বা বীমাকর্তাকে প্ররোচিত করে বীমা পলিসি প্রদান করতে বীমাকারী বা তার এজেন্ট দ্বারা কৃত নিম্নলিখিত কার্যকলাপের যে কোনো একটি

(ক) পরামর্শ যা সত্য নয় বা বীমাকৃত সত্য বলিয়া বিশ্বাস করে না
(খ) বীমাকর্তার তথ্য জ্ঞান বা বিশ্বাস দ্বারা সক্রিয়ভাবে তথ্য গোপন করা
(গ) প্রতারণা করতে অন্য যে কোন উপযুক্ত কার্য এবং
(ঘ) যে কোনো তেমন কার্য বা ভ্রান্তি যা আইন বিশেষভাবে প্রতারণাপূর্ণ হিসেবে ঘোষণা করে।

বীমা কোম্পানী দ্বারা ঝুঁকি মূল্যায়নের সম্ভাবিতভাবে প্রভাবিত হওয়ার ঘটনা সম্বন্ধে নিছক নীরবতা জালিয়াতি নয় যদি না মামলার পরিস্থিতি এরকমের না হয় যেমন তাঁর সন্মান করা হয়েছে, কথা বলার মামলাতে নীরবতা পালন বীমাকর্তা বা তাঁর এজেন্টের কর্তব্য অথবা তাঁর নীরবতা, নিজের সঙ্গে কথা বলার সমতুল্য হয়।

কোন বীমাকারী জালিয়াতির ভিত্তিতে বীমা পলিসি অস্বীকার করতে পারে না যদি বীমাকর্তা প্রমাণ করতে পারেন যে বাস্তবিক তথ্যের দমন বা ভুল-বিবৃতি তার জ্ঞান ও বিশ্বাসে সত্য ছিল অথবা সত্য লুকানোর কোন ইচ্ছাকৃত উদ্দেশ্য ছিল না বা এইধরনের বাস্তবিক তথ্যের দমন বা ভুল-বিবৃতি বীমাকারীর অবগতির মধ্যে আছে:

এটি এমনও প্রদান করা যে জালিয়াতির মামলায়, পলিসিধারক জীবিত না থাকলে মিথ্যা প্রমাণ করার দায়িত্ব সুবিধাভোগীর উপর থাকে।

কোনো ব্যক্তি যিনি বীমার চুক্তি আবেদন এবং দর কষাকষি করেন তাঁকে চুক্তি গঠনের উদ্দেশ্যে বলিয়া গণ্য করা যাবে, বীমাকারী এজেন্ট হতে পারে।

c) বীমাযোগ্য স্বার্থ

'বীমাযোগ্য স্বার্থ' অস্তিত্ব প্রত্যেক বীমা চুক্তির অপরিহার্য উপাদান এবং বীমা জন্য আইনি পূর্বশর্ত হিসেবে বিবেচিত হয়। দেখা যাক বীমা একটি জুয়া বা বাজি চুক্তি থেকে কিভাবে পৃথক।

i. জুয়া এবং বীমা

তাস খেলা বিবেচনা করা যাক, যেখানে কেউ একজন জিতবেন বা হারবেন। একজন ব্যক্তির শুধুমাত্র বাজি ধরার কারণে লাভ বা ক্ষতি হয়। একজন ব্যক্তি যিনি কোনো স্বার্থ ছাড়াই খেলাটি খেলেন তিনি খেলা জিততে পারেন এইভাবেই খেলার সঙ্গে তিনি সম্পর্কিত। বাজি আইনত বৈধ নয় এবং এই অনুসারে করা কোনো চুক্তি অবৈধ।কেউ যদি তাস খেলার সময় তার বাড়ি বন্ধক রাখে, অন্য পক্ষ তার কার্যোদ্ধারের জন্য আদালতে সরণাপন্ন হতে পারেন না।

এখন একটি বাড়ি এবং তা পুড়ে যাওয়াকে বিবেচনা করা যাক।একজন ব্যক্তি যিনি বাড়ি বীমা করছেন তাঁর বীমার বিষয়বস্তুর সঙ্গে একটা আইনি সম্পর্ক আছে। তিনি এটির মালিক এবং এটি ধ্বংস বা ক্ষতিগ্রস্ত হলে তার আর্থিকভাবে ভোগান্তি হবে। এই মালিকানা সম্পর্ক অগ্নিকাণ্ড ঘটলে বা না ঘটলেও স্বাধীনভাবে বিদ্যমান, এবং এটি সেই সম্পর্ক যেটি ক্ষতির দিকে নিয়ে যায়।একটি ঘটনা (অগ্নি বা চুরি) নির্বিশেষে ক্ষতিকারক বীমা থাকুক বা না থাকুক।

তাসের মত নয়, যেখানে একজন হয় জিতবে বা হারবে, আগুন বাড়ির মালিকের একটিই পরিণতি ক্ষতি।

মালিক বীমা করেন এটি নিশ্চিত করার জন্য যে ক্ষতিটির কিছু উপায়ে ক্ষতিপূরণ হবে।

বীমাকারীর যে স্বার্থ আছে তাঁর বাড়ির বা তার অর্থের প্রতি তাকে বীমাযোগ্য সুদ বলা হয়।বীমাযোগ্য স্বার্থের উপস্থিতি আইন অনুযায়ী একটি বীমা কন্ট্র্যাক্টকে কার্যকর এবং প্রয়োগযোগ্য করে তোলে।

উদাহরণ

শ্রী চন্দ্রশেখর একটি বাড়ির মালিক যার জন্য তিনি ব্যাঙ্ক থেকে 15 লাখ টাকা বাড়ি বন্ধকী ঋণ গ্রহণ করেছেন। নিচের প্রশ্নগুলো বিবেচনা করুন:

- ✓ বাড়ির জন্য তার কি কোনো বীমাযোগ্য স্বার্থ আছে?
- ✓ বাড়ির জন্য কি ব্যাঙ্কের কোনো বীমা স্বার্থ আছে?
- ✓ তার প্রতিবেশীদের কি খবর ?

শ্রী শ্রীনিবাসনের স্ত্রী, দুই বাচ্চাদের এবং বয়স্ক বাবা নিয়ে একটি পরিবার। নিচের প্রশ্নগুলো বিবেচনা করুন:

- ✓ তাদের কল্যানের জন্য তার কি কোনো বীমাযোগ্য স্বার্থ আছে?
- ✓ তাদের কেউ হাসপাতালে গেলে সে আর্থিক ক্ষতিগ্রস্থ হবে?
- ✓ প্রতিবেশীর বাচ্চাদের জন্য কি তার বীমাযোগ্য স্বার্থ আছে?

বীমার বিষয় এবং একটি বীমা চুক্তি বিষয়ের মধ্যে পার্থক্য করা এখানে প্রাসঙ্গিক।

বীমা বিষয় সম্পত্তি যাকে বীমা করা হচ্ছে তার সাথে সম্পর্কিত, যার একটি নিজস্ব স্বকীয় মান আছে।

অন্যদিকে একটি বীমা চুক্তির বিষয়বস্তু হল সেই সম্পত্তিতে বীমাকৃতের যেখানে আর্থিক সুদ আছে। এটা শুধুমাত্র হয় যখন বীমাকৃতর সম্পত্তির সুদ যেখানে তার বীমা করার আইনি অধিকার আছে। সঠিক অর্থে বীমা পলিসি শুধুমাত্র সম্পত্তি পূরণ করেনা, কিন্তু বীমাকৃতের সম্পত্তির ওপর আর্থিকসুদও পূরণ করে। সম্পত্তি বীমাযোগ্য স্বার্থ নিজে বাচ্চারা স্ত্রী।

রেখাচিত্র 3 : সাধারণ আইন অনুসারে বীমাযোগ্য স্বার্থ

ii. সময় যখন বীমাযোগ্য স্বার্থ থাকবে

জীবন বীমাতে বীমাযোগ্য স্বার্থ পলিসি গ্রহণ করার সময় উপস্থিত থাকতে হবে। সাধারণ বীমাতে, বীমাযোগ্য স্বার্থ, পলিসি গ্রহণ করার সময় এবং ব্যতিক্রম যেমন নৌবাহিনী সম্পর্কিত পলিসি সময় দাবির, উপস্থিত থাকবে।

d) সম্ভাব্য কারণ

আইনি নীতির শেষ কারণটি হল সম্ভাব্য কারণ।

সম্ভাব্য কারণ বীমার মূল নীতি এবং আসলে ক্ষয়-ক্ষতি কিভাবে ঘটেছে এবং আদৌ এটি বীমাকৃত বিপদের ফল কিনা তার সাথে সম্পর্কিত। ক্ষতিটি বীমাকৃত বিপদের দ্বারা সৃষ্ট হয় তবে বিমাকৃত দায়ী। অবিলম্ব কারণটি একটি বীমাকৃত বিপদ হলে বিমাকৃত ক্ষতি পূরণ করতে বাধ্য, অন্যথায় নয়।

এই নিয়ম অনুযায়ী, বিমাকৃত উদীয়মান ক্রমাগত ক্ষতি উৎপাদন ঘটনার কারণ অনুসন্ধান করেন। এই যে এটি জরুরী নয় ক্ষতি পূর্বে যে শেষ ঘটনা নাও হতে পারে অর্থাৎ এটি জরুরী নয় যে একটি ঘটনা যেটি নিকটস্থ বা ক্ষতির কারণের জন্য তৎক্ষণাত দায়ী।

অন্যান্য কারণ, যেগুলো সম্ভাব্য কারণ থেকে পৃথক, সেগুলো পরোক্ষ কারণ হিসাবে শ্রেণীবদ্ধ করা যেতে পারে। পরোক্ষ কারণ হয়তো উপস্থিত কিন্তু ঘটনা ঘটানোর জন্য প্রভাবশীল নাও হতে পারে।

সংজ্ঞা

সম্ভাব্য কারণ সংজ্ঞায়িত করা হয় এইভাবে যে এটি সক্রিয় এবং কার্যকর কারণ যা ক্রমাগত ঘটনা তৈরী করে, কোন কোন শক্তির হস্তক্ষেপ ছাড়াই শুরু করে এবং একটি নতুন এবং স্বতন্ত্র উৎস থেকে সক্রিয়ভাবে কাজ করে।

